দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 5 ■ 31st January, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

**ভেতরের পাতায়**

- স্কুল সার্ভিসের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর
- জেনারেল স্টাডিজ ও সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

# রেলে ২২ হাজার গ্রুপ 'ডি'

## ৩১ জানুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত অনলাইনে ফর্ম পূরণ

**মাধ্যমিক বা, আই.টি.আই ছেলেমেয়ের**

**রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি :** কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচি, ভুবনেশ্বর-সহ সারা ভারতের ১৭টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলে 'গ্রুপ-ডি (অ্যাসিস্ট্যান্ট-এস অ্যান্ড টি), অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ), অ্যাসিস্ট্যান্ট ব্রিজ, অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ডিজেল), অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে, অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. (ওয়ার্কশপ), অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি., অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন, অ্যাসিস্ট্যান্ট টি আর ডি, পয়েন্টসম্যান বি ও ট্রাকমেন্টেনার-IV' ইত্যাদি পদে ২২,০০০ জন ছেলেমেয়ে নেওয়ার দরখাস্ত নেওয়া শুরু হবে ৩১ জানুয়ারি থেকে। চলবে ২ মার্চ পর্যন্ত। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারপার্সনস আগে বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছিলেন, দরখাস্ত নেওয়া হবে ২১ জানুয়ারি ☞এরপর ৩ পাতায়

# স্কুলের ক্লার্ক, গ্রুপ 'ডি'র পরীক্ষা ১ ও ৮ মার্চ

## শূন্যপদ ৮,৪৭৭টি, দরখাস্তকারীর সংখ্যা ১৬ লাখ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের সরকার পোষিত স্কুলে ক্লার্ক ও গ্রুপ-ডি পদে ৮,৪৭৭টি শূন্যপদের জন্য প্রায় ১৬ লাখের বেশি দরখাস্ত জমা পড়েছে। ওই দুই পদের লিখিত পরীক্ষা হবে ১ ও ৮ মার্চ। গ্রুপ-সি (ক্লার্ক) পদের লিখিত পরীক্ষা হবে ১ মার্চ ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষা হবে ৮ মার্চ। স্কুল সার্ভিস কমিশন এখনো অফিসিয়ালভাবে পরীক্ষার তারিখ না জানালেও এই দুই তারিখেই পরীক্ষা নেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। খুব শিগগিরই স্কুল সার্ভিস কমিশন পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি বের করবে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে থেকে।

নবান্ন সূত্রে খবর, এই দুই পদের জন্য প্রায় ১৬ লাখ দরখাস্ত ☞এরপর ৩ পাতায়

# প্রাইমারির ইন্টারভিউ শেষ হবে ফেব্রুয়ারিতেই

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** প্রাইমারি টিচার পদের ইংরিজি মাধ্যমের পর, বাংলা মাধ্যমের স্কুলের দ্বিতীয় ফেজের ইন্টারভিউ শুরু হয়েছে কলকাতা, ঝাড়গ্রাম ও জলপাইগুড়ি জেলা দিয়ে। কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ হচ্ছে ২৭ ও ২৮ জানুয়ারি। ঝাড়গ্রাম জেলার প্রার্থীদের ইন্টারভিউ হচ্ছে ২৮ ও ২৯ জানুয়ারি। জলপাইগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ হচ্ছে ২৯ ও ৩০ জানুয়ারি।

এবার ইন্টারভিউ কক্ষের সংখ্যা অনেক বাড়িয়ে দু'দিনেই একটি জেলার ইন্টারভিউ শেষ করা হচ্ছে। প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, যে জেলায় প্রার্থীর সংখ্যা বেশি, সেখানে পরপর ৪-৫ দিন ধরে ইন্টারভিউ নেওয়া হবে। তৃতীয় ফেজের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে তার তারিখ ঠিক না হলেও আশা করা যায়, ফেব্রুয়ারি মাসের মধ্যে অন্যান্য সব জেলার ইন্টারভিউ শেষ হয়ে যেতে পারে। সম্ভবত, ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহের শেষের দিকে তৃতীয় ফেজের ইন্টারভিউ শুরু হতে পারে। ইন্টারভিউ সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তি যথাসময়ে প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হবে।

ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যায়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে (যাঁরা এখনো ইন্টারভিউয়ের কল লেটার পাননি, তাঁরা এইসব প্রমাণপত্র সংগ্রহ করে রাখুন) :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ☞এরপর ২ পাতায়

# ব্যাঙ্কে ৩৫০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'ফরেন এক্সচেঞ্জ অফিসার' ও 'মার্কেটিং অফিসার' পদে ৩৫০ জন ছেলেমেয়ে নিচেছ।

কারা কোন পদের জন্য যোগ্য :

ফরেন এক্সচেঞ্জ অফিসার : যে ☞এরপর ১২ পাতায়

কলকাতার ৫২টি কোম্পানিতে

# ১০,৩২২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

## শুরুতেই মাইনে মাসে ১২ থেকে ১৫ হাজার টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৫২টির বেশি কোম্পানি সামনের ৬ থেকে ৯ মাসের মধ্যে 'হিউম্যান রিসোর্স (HR) এক্সিকিউটিভ' পদে ১০,৩২২ জন ছেলেমেয়ে নেবে। বিখ্যাত বহুজাতিক সংস্থা টাটা কনসালটেন্সি ☞এরপর ৪ পাতায়

# ব্যাঙ্কে ক্লার্ক ও অফিসার পদে IBPS'এর পরীক্ষার মাধ্যমে এবছর ৫০ হাজার চাকরি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর মাধ্যমে ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট, অফিস অ্যাসিস্ট্যান্ট, প্রবেশনারি অফিসার, স্পেশালিস্ট অফিসার ইত্যাদি পদে ২০২৬-'২৭ সালে দরখাস্ত নেওয়া হবে। কারা কোন পদের জন্য যোগ্য ও কোন পদে কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স,

## কোন পদের পরীক্ষা কবে

প্রার্থী বাছাই পদ্ধতি, পরীক্ষার তারিখ ইত্যাদি দেওয়া হল :

**কাস্টমার সার্ভিস এক্সিকিউটিভ :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল / কলেজ / ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের সরকারি (অফিসিয়াল) ভাষা পড়তে / লিখতে ও বলতে পারা দরকার। বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। ☞এরপর ২ পাতায়

# সুপ্রিম কোর্টে ৯০ ক্লার্ক

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** সুপ্রিম কোর্ট 'ল ক্লার্ক কাম রিসার্চ অ্যাসোসিয়েট' পদে ৯০ জন ছেলেমেয়ে নিচেছ।


আইনের ৩ বছর বা, ৫ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ☞এরপর ৩ পাতায়

# ৮০ টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা, হায়দরাবাদ :** সি.এস.আই.আর. - 'সেন্টার ফর সেলুলার অ্যান্ড মলিকিউলার বায়োলজি 'টেকনিশিয়ান', 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট' ও 'টেকনিক্যাল অফিসার' পদে ৮০ ☞এরপর ৫ পাতায়

# SLST'র একাদশ-দ্বাদশের ফল বেরোল কাউন্সেলিং শুরু ফেব্রুয়ারিতে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** স্কুল সার্ভিসের একাদশ-দ্বাদশ শ্রেণির মেধা তালিকা বের করল স্কুল সার্ভিস কমিশন। ১২,৪৪৫টি শূন্যপদের জন্য ১৮,৯০০ জন প্রার্থীর তালিকা বেরিয়েছে। এমপ্যানেল্ড ও ওয়েটিং তালিকা আলাদা করে বেরিয়েছে। এছাড়াও যাঁরা ইন্টারভিউ কাম লেকচার ডেমোনস্ট্রেশন দিয়েছিলেন, ☞এরপর ২ পাতায়




# রাজ্য পুলিশের 'কনস্টেবল', ইন্টারভিউ ২৯ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ পুলিশে ২০২৪ সালের কনস্টেবল পদের লিখিত পরীক্ষায় সফলদের যে শারীরিক সক্ষমতার পরীক্ষা বা, শারীরিক মাপজোখের পরীক্ষা হয়েছিল, তাতে সফলদের ইন্টারভিউ শুরু হবে ২৯ জানুয়ারি থেকে। চলবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ইন্টারভিউ হবে প্রেসিডেন্সি রেঞ্জ, জলপাইগুড়ি রেঞ্জ, মালদহ রেঞ্জ, মুর্শিদাবাদ রেঞ্জ, মেদিনীপুর রেঞ্জ, বর্ধমান রেঞ্জ-সহ প্রায় ১৫টি রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ডের অধীনে। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন ২৪ জানুয়ারি থেকে এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in, https://prb.wb.gov.in ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় ☞এরপর ৯ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন

রেলের গ্রুপ 'ডি'

ও

স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D

পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

সাফল্য সাধারণ জ্ঞান সাফল্য

প্রতিটি মাত্র ৩০০/- টাকা

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

### কর্মখালি

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ-8482024344
M

### কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 7074359098
SP

**EAST–WEST**
মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে অফিসিয়াল পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700 –69900). M : 9051263229
SA(A)

### কর্মখালি

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 7449848494
SA

**Post Office-এ কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব**
যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ বিভিন্ন জেলায়, বিভিন্ন পদে। বেতন: 17K–47K, বয়স : 18–48, PF, ESI, AC, M : 8116901519
SA

### কর্মখালি

**AIRPORT JOB**
এয়ারপোর্টে বিভিন্ন অফিসিয়াল ও লেবার পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700/- – 69900/-), বয়স : (18–45), যোগাযোগ - M : 8282044522
SA(A)

**URGENT VACANCY**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700 –68,900) । M : 8282037663
SA(A)

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

**প্যারামেডিক্যাল কোর্স**
DMLT (প্যাথোলজি)/DOT, DPT (ফিজিওথেরাপি), ECG, GDA (নার্সিং), Blood Collector (Phlebetomy) কোর্সে ভর্তি চলছে। প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। School of Medical Technology 24, G.C. Bose Rd., এন্টালি, কোল-14.
মৌলালী- 9231520480

**Teacher Required**
M.Sc. (Computer Science) / MCA, B.Ed. Teacher Required Apply within 07/02/2026 Sri Ramakrishna Ashrama Institute (H.S.)
M. N. Roy Rd., Harinavi, Kol-148
Ph.: (033) 2477 5249
E-mail: sral1967.school@gmail.com
Website: www.sral.org.in

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## হোটেল ম্যানেজমেন্ট কলেজে কর্মী নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, সল্টলেক:** রাজ্যের প্রথম সারির হোটেল ম্যানেজমেন্ট কলেজ তথা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট 'রেসিডেন্সিয়াল কেয়ারটেকার (মেল / ফিমেল)', 'রেসিডেন্সিয়াল ফুড সার্ভিস পার্সন (মেল / ফিমেল)' ও 'রেসিডেন্সিয়াল ক্লিনার (মেল / ফিমেল)' পদে বেশ কিছু ছেলেমেয়ে নিচ্ছে। বিশদে জানার জন্য যোগাযোগ করুন এই নম্বরে : 8777468438.

## একাদশ-দ্বাদশের ফল বেরোল

১ পাতার পর

কিন্তু এমপ্যানেল বা, ওয়েটিং তালিকায় স্থান পাননি, তাঁদেরও তালিকা আলাদাভাবে বের করেছে স্কুল সার্ভিস কমিশন। খুব শিগগিরই এমপ্যানেল্ড তালিকায় থাকা প্রার্থীদের কাউন্সেলিং শুরু হবে। সম্ভবত ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ থেকেই কাউন্সেলিং শুরু হবে ও ফেব্রুয়ারির মাঝামাঝি নাগাদ নিয়োগের সুপারিশপত্র পাঠানো হবে। লিখিত পরীক্ষায় (ও.এম.আর.) ৬০ নম্বর, শিক্ষাগত যোগ্যতা (১০ নম্বর), অভিজ্ঞতা (১০ নম্বর), ইন্টারভিউ কাম লেকচার ডেমোনস্ট্রেশন (২০ নম্বর)'এর মধ্যে প্রত্যেক প্রার্থী কোন পার্টে কত নম্বর পেয়েছেন তা বের করেছে কমিশন।

অন্যদিকে, নবম-দশম শ্রেণির সার্টিফিকেট ভেরিফিকেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি ফেব্রুয়ারির প্রথম সপ্তাহেই বেরোনোর সম্ভাবনা আছে।

## IBPS পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেনস) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন'। প্রিলিমিনারি পরীক্ষা হবে অনলাইনে ১০ ও ১১ অক্টোবর। মেনস পরীক্ষা হবে ২৭ ডিসেম্বর।

**গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও যে রাজ্যের ওই ব্যাঙ্কের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার মতো জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৬, ১২ ও ১৩ ডিসেম্বর। মেনস পরীক্ষা হবে আগামী বছর ৩০ জানুয়ারি।

**অফিসার স্কেল -। :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। এছাড়াও যে রাজ্যের ওই ব্যাঙ্কের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার মতো জ্ঞান থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা হবে ২১ ও ২২ নভেম্বর। মেনস পরীক্ষা হবে ২০ ডিসেম্বর।

**অফিসার স্কেল-।। (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) (ম্যানেজার) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। ব্যাঙ্কিং, ফিনান্স, মার্কেটিং, অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। কোনো ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসাবে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে ২০ ডিসেম্বর।

**প্রবেশনারি অফিসার /ম্যানেজমেন্ট ট্রেনি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেনস) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ২২ ও ২৩ আগস্ট। মেনস পরীক্ষা হবে ৪ অক্টোবর।

**স্পেশালিস্ট অফিসার :** স্পেশালিস্ট অফিসার নেওয়া হবে এইসব শাখায় : আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার, ল' অফিসার, মার্কেটিং অফিসার, এইচ.আর. /পার্সোনেল অফিসার। কারা কোন পদের জন্য যোগ্য:

**আই.টি. অফিসার (স্কেল-।) :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'ডোয়েক' থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য।

**অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার (স্কেল-।) :** অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, অ্যাগ্রি. ইঞ্জিনিয়ারিং, ফিশারি সায়েন্স, পিসিকালচার বা, অ্যাগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং বা, অ্যাগ্রো ফরেস্ট্রি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, অ্যাগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, সেরিকালচার, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য।

**ল অফিসার (স্কেল-।):** আইনের ডিগ্রি (এলএল.বি.) কোর্স পাশরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদনের যোগ্য।

**এইচ. আর. / পার্সোনেল অফিসার (স্কেল-।) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, এইচ.আর. / এইচ.আর.ডি., সোশ্যাল ওয়ার্ক, লেবার ল'র পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদনের যোগ্য।

**মার্কেটিং অফিসার (স্কেল-।):** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এম.বি.এ. (মার্কেটিং) কিংবা স্পেশালাইজেশন হিসাবে মার্কেটিং বিষয় নিয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, পি.জি.পি.এম., পি.জি.ডি.এম. কোর্স পাশ হলে আবেদনের যোগ্য।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা হবে ২৯ আগস্ট। মেনস পরীক্ষা হবে ১ নভেম্বর।

ওপরের সব পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে পরীক্ষার তারিখের অন্তত ৩ মাস আগে। সব ক্ষেত্রে দরখাস্ত করতে হবে অনলাইনে। বিজ্ঞপ্তি বেরোলে তখন বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ibps.in

## প্রাইমারির ইন্টারভিউ

১ পাতার পর

ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।
(২) 'টেট' পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।
(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।
(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।
(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এড.'এর মার্কশীট ও সার্টিফিকেট।
(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৮) কাস্ট সার্টিফিকেট।
(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।
(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।
(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।
(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।
(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া 'ফার্স্ট এনগেজমেন্ট লেটার'।
(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.'এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।
(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।
(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।
(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

অন্যদিকে, ২০১৪ সালের প্রাইমারি 'টেট' পাশ সার্টিফিকেট'এর জন্য অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৭ ফেব্রুয়ারি করা হয়েছে। যাঁরা ২০১৪ সালে 'টেট' পাশ করেছেন, তাঁরা ওয়েবসাইটে গিয়ে ৭ ফেব্রুয়ারির মধ্যে দরখাস্ত করতে পারবেন। 'টেট' পাশের সার্টিফিকেট সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে ডাউনলোড করতে হবে। যাঁরা 'টেট' সার্টিফিকেটের জন্য অনলাইনে সঠিকভাবে (Successfully Submitted) করেছেন, তাঁরা 'টেট' সার্টিফিকেটের জন্য অপেক্ষা করুন, বোর্ড ভেরিফিকেশন সম্পূর্ণ হলেই সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন। এই ওয়েবসাইট থেকে : https://wbbpe.wb.gov.in

## রেলে ২২ হাজার গ্রুপ 'ডি'

১ পাতার পর

থেকে। ১৯ জানুয়ারি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারপার্সনস এক বিজ্ঞপ্তিতে জানান, রেলে ২২ হাজার গ্রুপ-ডি পদের দরখাস্ত নেওয়া শুরু হবে ৩১ জানুয়ারি থেকে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে কোনো ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ হলে কিংবা এন.সি.ভি.টি.'র অনুমোদিত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন.এ.সি.) কোর্স পাশ হলেও যোগ্য। রেলে গ্রুপ-ডি পদের জন্য আই.টি.আই. পাশ হওয়া বাধ্যতামূলক নয়। তাই মাধ্যমিক পাশরা যেমন দরখাস্ত করতে পারবেন, ঠিক তেমনি আই.টি.আই. পাশ হলেও দরখাস্ত করতে পারবেন।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে, অ্যাক্ট অ্যাপ্রেন্টিসরা আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার পদ অনুযায়ী A2, A3, B1, C1. মূল মাইনে : ১৮,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং CEN No. 09/2025. কোন রেলে কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ তা সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে পাবেন ৩১ জানুয়ারি থেকে।

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে।

কম্পিউটার বেসড টেস্ট হবে অনলাইনে, জুলাই-আগস্ট মাস নাগাদ। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স)-২০টি, (২) অঙ্ক-২৫টি, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০টি, (৪) জেনারেল সায়েন্স-২৫টি। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচি, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ) ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)।

মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জানুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবির মধ্যে) ও সিগনেচার (৫০-১০০ কেবির মধ্যে) আর তপশিলীদের বেলায় কাস্ট সার্টিফিকেট (৫০-১০০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্ত করতে ভুল হলে সংশোধন করার সুযোগ পাবেন।

সাধারণ প্রার্থীরা প্রথম পর্যায়ের পরীক্ষা দিয়ে থাকলে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু বা, অর্থনৈতিকভাবে দুর্বল প্রার্থীরা ২৫০ টাকা ফেরৎ পাবেন।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.nic.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরখপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in

## রেল / ব্যাঙ্কে চাকরি পাওয়ার স্পেশালাইজড কোচিং



টি. কে. মিত্র

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের অন্যতম সেরা ২ বিভাগ তথা রেল ও ব্যাঙ্কে, সামনের কয়েকমাসে কয়েক লাখ নিয়োগ হবে। শুরুতেই মোটা মাইনে। তাই এই ২ বিভাগে চাকরি পেতে হলে দরকার উচ্চমানের প্রস্তুতির। শূন্য পদের থেকে অন্তত ২০ গুণ সংখ্যক ছেলেমেয়ে আবেদন করবে। এই বিপুল সংখ্যক চাকরিপ্রার্থীর মধ্যে কিভাবে প্রস্তুতি নিলে ওই ২ বিভাগে সুনিশ্চিত চাকরি পাওয়া যাবে তা জানতে আমরা যোগাযোগ করেছিলাম রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান CACES-এর সঙ্গে। এই প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক হেড টি. কে. মিত্র জানালেন, (১) এখনকার বেশিরভাগ ছেলেমেয়েই ১ বছরের মধ্যে চাকরি পেতে চায়। কিন্তু প্রস্তুতি নিতে চায় না। এখানে একটি ব্যাপার পরিষ্কার করে বলা দরকার যে, চাকরি পেতে হলে সুনির্দিষ্ট ভাবে ঠিকঠাক প্রস্তুতির দরকার। নচেৎ কোনোভাবেই চাকরি পাওয়া যাবে না। (২) কেন্দ্রীয় সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ এই ২ বিভাগ তথা রেল ও ব্যাঙ্কে, সামনের কয়েক মাসে যে বিপুল সংখ্যক নিয়োগ হবে তা সত্যি। এই নিয়োগের ক্ষেত্রে প্রস্তুতি ঠিকঠাক নিতে হলে দরকার প্রিমিয়ার ফ্যাকাল্টির সঠিক গাইডেন্স। অর্থাৎ ওই ২ বিভাগে চাকরি পেয়েছে এমন আধিকারিক। এই ব্যাপারে আমাদের প্রতিষ্ঠান রাজ্যের মধ্যে অন্যতম সেরা। এখানে ফ্যাকাল্টি হিসাবে রয়েছে কেন্দ্রীয় সরকারের সেরা সেরা বিভাগের সম্প্রতি চাকরি পাওয়া অফিসারেরা। (৩) বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তরের অ্যানালিসিস করে কাস্টমাইজড পদ্ধতিতে পরীক্ষা ভিত্তিক স্টাডি মেটেরিয়াল। (৪) এমন জায়গায় ভরতি হতে হবে যেখানে সেরা সেরা ছেলেমেয়েরা পড়ছে। অর্থাৎ এই ধরনের পরীক্ষায় ক্র্যাক করতে হলে দরকার সবচেয়ে কম সময়ে সবচেয়ে বেশি সঠিক প্রশ্নের উত্তর দেওয়া। তারজন্য চাই সেরা ছেলেমেয়েদের সাথে কম্পিটিশন — যা আমাদের প্রতিষ্ঠানের অন্যতম ইউএসপি। (৫) সোশ্যাল মিডিয়ার মাধ্যমে কিভাবে চাকরি ওরিয়েন্টেড প্রস্তুতি নেওয়া যায় তারজন্য স্পেশালাইজড ক্লাস। পরিকল্পনা মাফিক পরিশ্রম করে ৬ মাস থেকে ১ বছরের মধ্যে মোটা মাইনের সুনিশ্চিত সরকারি চাকরি কিভাবে পাওয়া যায় তা জানতে ফোন করুন : 9123325910 / 9062756906 অথবা যোগাযোগ করুন এই ঠিকানায় : ক্যাসেস্ এডুকেশন, 35, APC Road, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি - 9.

## স্কুলে ক্লার্ক ও গ্রুপ 'ডি'র পরীক্ষা

১ পাতার পর

জমা পড়েছে। গ্রুপ-সি পদে শূন্যপদ আছে ২,৯৮৯টি আর গ্রুপ-ডি পদে শূন্যপদ আছে ৫,৪৮৮টি। এই দুই পদের পরীক্ষার সিলেবাস আবার দেওয়া হল :

ক্লার্ক (গ্রুপ-সি) পদের বেলায় ৬০ নম্বরের লিখিত পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) জেনারেল ইংলিশ - ১০ নম্বর, (৩) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ২০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

গ্রুপ-ডি পদের বেলায় ৪০ নম্বরের লিখিত পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। বিস্তারিত সিলেবাস নিচে দেওয়া হল।

বিস্তারিত সিলেবাস দেওয়া হল :

**ক্লার্ক পদের বেলায় (প্রশ্ন হবে মাধ্যমিক মানের) :** (ক) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বর : (১) ভারতের ইতিহাস ও ভূগোল, (২) ভারতীয় সংবিধানের ওপর জ্ঞান, (৩) পশ্চিমবঙ্গের জাতীয় শিক্ষা নীতি, (৪) লিঙ্গ সচেতনতা (নিয়ম ও নির্দেশ), (৫) ভারতীয় সংস্কৃতির ওপর জ্ঞান, (৬) বেসিক কম্পিউটার নলেজ, (৭) পরিবেশ সচেতনতা, (৮) সাম্প্রতিক অর্থনৈতিক ঘটনা, (৯) খেলাধুলা, (১০) বিজ্ঞানের উদ্ভাবন ও আবিষ্কার।

(খ) জেনারেল ইংলিশ - ১০ নম্বর : (১) ব্যাকরণ (প্রিপোজিশন, একলিঙ্গ ও উভয়লিঙ্গ), (২) সমার্থক শব্দ ও বিপরীত শব্দ, (৩) ভোকাবুলারি, (৪) বানান সংশোধন, (৫) বাক্য গঠন।

**(গ) লজিক্যাল রিজনিং-১০ নম্বর :** (১) পিক্টোরিয়াল সিরিজ ও সিকোয়েন্স, (২) ক্লাসিফিকেশন অফ সিমিলার ওয়ার্ডস, (৩) ট্রু ও ফলস, (৪) ম্যাচিং, (৫) পাজল।

**(ঘ) অ্যারিথমেটিক - ২০ নম্বর :** (১) ল.সা.গু. ও গ.সা.গু, (২) সরলীকরণ, (৩) অনুপাত ও সমানুপাত, (৪) সময় ও কার্য, (৫) সময় ও দূরত্ব, (৬) গড়, (৭) শতকরা, (৮) লাভ ও ক্ষতি, (৯) ভগ্নাংশ, (১০) সরল সুদ।

**গ্রুপ-ডি পদের বেলায়**
**(প্রশ্ন হবে ক্লাস এইট মানের) :**

**(ক) জেনারেল অ্যাওয়ারনেস -২০ নম্বর :** (১) ভারতের ইতিহাস ও ভূগোল, (২) ভারতীয় সংবিধানের ওপর জ্ঞান, (৩) ভারতীয় সংস্কৃতির ওপর জ্ঞান, (৪) খেলাধূলা (সাম্প্রতিক খেলাধূলা), (৫) বেসিক কম্পিউটার নলেজ।

**(খ) লজিক্যাল রিজনিং -১০ নম্বর :** (১) পিক্টোরিয়াল সিরিজ ও সিকোয়েন্স, (২) ক্লাসিফিকেশন অফ সিমিলার ওয়ার্ডস, (৩) ট্রু ও ফলস, (৪) ম্যাচিং, (৫) ব্লাড রিলেশন।

**(গ) অ্যারিথমেটিক - ১০ নম্বর :** (১) গড়, (২) শতকরা, (৩) ল.সা.গু. ও গ.সা.গু (সহজ মানের), (৪) অনুপাত ও সমানুপাত, (৫) সরল সুদ।

## সংশোধনী

গত ১৭-১-২০২৬ 'কর্মসংস্থান' পত্রিকায় ৩ নম্বর পাতায় 'সরকারি প্রকল্পে কাজের জন্য মুর্শিদাবাদ ও বীরভূম জেলায় কো-অর্ডিনেটর নিয়োগ' শীর্ষক প্রতিবেদনের খবরে 'রিটেল বিষয়ের জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট / ডিপ্লোমা ইন রিটেল ম্যানেজমেন্ট'র বদলে গ্র্যাজুয়েট বা, ডিপ্লোমা ইন রিটেল ম্যানেজমেন্ট হবে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা দুঃখিত।

## সুপ্রিম কোর্টে ৯০

১ পাতার পর

বয়স হতে হবে ৭-২-২০২৬'এর হিসাবে ২০ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে প্রায় ১,০০,০০০ টাকা। তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও প্রতিবন্ধীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে।

প্রার্থী বাছাই হবে ৩টি ফেজে। প্রথম ফেজে অবজেক্টিভ টাইপের পরীক্ষা হবে অনলাইন মোডে। প্রশ্ন হবে ল' ও কম্প্রিহেনশন বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় ফেজের পরীক্ষার প্রশ্ন কম্পিউটার স্ক্রিনে দেওয়া হবে ও উত্তর লিখতে হবে পেন-পেপার মোডে। তারপর ইন্টারভিউ। প্রথমে ফেজের পরীক্ষা হবে ৭ মার্চ, কলকাতা, গুয়াহাটি, ভুবনেশ্বর, রাঁচি। এই পদের বিজ্ঞপ্তি নং : No. F.21(LC)/2026-SC(RC), New Delhi, dated January 20, 2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.sci.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে।


**এক্সিকিউটিভ লাগবে**

সল্টলেকের নামি আইটি সংস্থায়

**প্রি-সেলস এক্সিকিউটিভ**

নিয়োগ

স্যালারি : ১০,০০০/--১৫,০০০/-

যোগ্যতা : গ্র্যাজুয়েট

বয়স : ৩০ বছরের মধ্যে

CV পাঠান পাশের এই QR Code স্ক্যান করে

CV পাঠানোর শেষ তারিখ : **30.01.2026**



All India Institute of Local Self Government, Mumbai অনুমোদিত ও সরকার স্বীকৃত

**Sanitary Inspector**

ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে

যোগ্যতা : SI (H.S & Computer Basic)

শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।

এখানে CMS & ED কোর্স করানো হয়

সদ্য বেরনো মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষায় ১৯টি পদে অধিকাংশই প্রায় সফল IIHT এর প্রার্থীরা

**IIHT** www.iiht.in (11 AM to 4 PM)

226 B. B. Ganguly Street Bowbazar, Kol-12

9836396734, 7003224427, 9831774517, 7439387365



ভর্তি চলছে * জীবিকামুখী ট্রেনিং * কাজের ও আত্মনির্ভর সহায়তা

**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**

**PRANAVANANDA INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY**

Diploma | Advance Diploma (PG) | D'Voc

Professional / Management Skills 'Rojgarmukhi Karmashikha' Courses

•Tailoring Dress Designing • Pre Primary Teacher's Training Montessori • Yoga Naturopathy •Beautician • Healthcare Hospital Mngt • Business Industrial Mngt •Modern Office Mngt • Fitness Sports Mngt •Fire Safety Disaster Mngt

Affiliated Centres • Kolkata • DH/Garia • Barasat-Hridaypur • Malda • Bardhaman • Farakka • Khatra-Bankura • Raiganj • Purulia

Admission Helpline 9331256934 / 9477846520 / 9477846582

Visit www.pimtonline.in | Youtube | Facebook



**সিএসআইআর সিএলআরআই (ভারত সরকার) কর্তৃক বিনামূল্যে প্রশিক্ষণ কর্মসূচির জন্য আবেদনের আহ্বান**

ভারত সরকারের বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এর অধীনস্থ একটি সংবিধিবদ্ধ গবেষণাগার, সিএসআইআর - কেন্দ্রীয় চামড়া গবেষণা কেন্দ্র (CSIR-CLRI), আনন্দের সঙ্গে চামড়া ও চামড়াজাত পণ্য উৎপাদনের ক্ষেত্রে একটি সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ কর্মসূচি ঘোষণা করছে। এই প্রশিক্ষণে মাছের চামড়া, মুরগির পা-এর চামড়া এবং সংশ্লিষ্ট উপকরণ ব্যবহার করে চামড়া ও চামড়ার পণ্য তৈরি শেখানো হবে। ● প্রশিক্ষণের মূল বিষয়: মাছের চামড়া ও মুরগির পা-এর চামড়া থেকে চামড়া ও চামড়ার পণ্য উন্নয়ন ও উৎপাদন। ● সুবিধাসমূহ: স্বল্প কাঁচামাল খরচ, অল্প যন্ত্রপাতির প্রয়োজন, প্রান্তিক জনগোষ্ঠী ও স্ব-সহায়ক গোষ্ঠী (SHG)-এর মধ্যে উদ্যোক্তা হওয়ার উচ্চ সম্ভাবনা। ● খরচ: কোনও প্রশিক্ষণ ফি নেই; উদ্যোক্তা উন্নয়ন ও সহায়ক গোষ্ঠী (SHG) গঠনে সহায়ক। ● প্রশিক্ষণের সময়কাল: ৩০ দিন (প্রতিদিন ৫ ঘন্টা); প্রশিক্ষণ শেষে শংসাপত্র (সার্টিফিকেট)প্রদান করা হবে। ● প্রশিক্ষণ স্থান: স্কিল ডেভেলপমেন্ট সেন্টার, টিটিএসসি (TTSC) বিল্ডিং, জোন-২, প্লট নং ১৬১-এর বিপরীতে, ক্যালকাটা লেদার কমপ্লেক্স /কেন্দ্রীয় চামড়া গবেষণা প্রতিষ্ঠান (CLRI)-এর আঞ্চলিক কেন্দ্র, ৩/১সি মাথেশ্বরতলা রোড, ট্যাংরা, কলকাতা - ৪৬। ● যোগাযোগ: মোবাইল: ৯৯৫২৯৮১৪৫৬, ই-মেল: rckol.clri@csir.res.in. আবেদন জমা দেওয়ার শেষ তারিখ: 08.02.2026.

এখনই আবেদন করুন এবং উদ্ভাবনী চামড়া ও চামড়ার পণ্য তৈরির দক্ষতা বৃদ্ধি করুন

# রাজ্য পুলিশের ১১,৭৪৯ কনস্টেবলের ফাইনাল লিস্টে কীভাবে সিলেক্টেড হবেন

*রাজ্য পুলিশ কনস্টেবল পদের ইন্টারভিউ শুরু হবে ২৯ জানুয়ারি থেকে। চলবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ১১,৭৪৯টি শূন্যপদের জন্য ৬০,১৭০ জন ছেলেমেয়েকে, শারীরিক মাপজোখ (PMT) ও শারীরিক সক্ষমতা (PET) পরীক্ষার জন্য ডাকা হয়েছিল। এরপর হবে ইন্টারভিউ। তারপর বেরোবে ফাইনাল মেরিট লিস্ট। এখন এই অত্যন্ত গুরুত্বপূর্ণ ইন্টারভিউতে কীভাবে প্রস্তুতি নিলে ক্র্যাক করা যাবে? ইন্টারভিউতে মূলত প্রার্থীর সাধারণ জ্ঞান, ব্যক্তিত্ব ও পুলিশের ভূমিকা সংক্রান্ত দক্ষতা যাচাই করা হয়। রাজ্য পুলিশের কনস্টেবল পদের ইন্টারভিউ সাধারণত খুব বেশি কঠিন নয়, তবে সঠিক প্রস্তুতি না থাকলে নম্বর কমে যেতে পারে। এই ইন্টারভিউতে ১৫ নম্বর থাকে আর এটি সাধারণত ১০-১২ মিনিটের হয়। যেখানে সিচুয়েশনাল প্রশ্ন, নিজের পরিচয় ও পশ্চিমবঙ্গ -সম্পর্কিত বিষয়, পুলিশ সংক্রান্ত বিষয় জিজ্ঞাসা করা হয়। এই ইন্টারভিউ ক্র্যাক করার সিক্রেট নিয়ে আলোচনাকরলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক (ডঃ) সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক (ডঃ) সমিত রায়

**প্রস্তুতির মূল কৌশল :**

প্রথমে নিজের সম্পর্কে ভালো ভাবে জানুন ও self-introduction (বাংলা ও ইংরিজি উভয় ভাষাতেই ) ৩০ সেকেন্ডের মধ্যে প্র্যাকটিস করুন, যাতে শিক্ষা, অভিজ্ঞতা ও পুলিশে যোগদানের কারণ স্পষ্ট হয়।

সাধারণ জ্ঞান (GK), WB-এর ইতিহাস, সংবিধান, কারেন্ট অ্যাফেয়ার্স ও পুলিশ আইন [ভারতীয় দণ্ডবিধি (IPC) (Indian Penal Code) বর্তমান নাম ভারতীয় ন্যায় সংহিতা (Bharatiya Nyaya Sanhita - BNS)।

ফৌজদারি কার্যবিধি (CrPC) (Criminal Procedure Code) বর্তমান নাম ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (Bharatiya Nagarik Suraksha Sanhita - BNSS)]পড়ুন; প্রতিদিন সংবাদপত্র ও WB Police ওয়েবসাইট ফলো করুন। মক ইন্টারভিউ দিন, যাতে আত্মবিশ্বাস বাড়ে।

**সাধারণ প্রশ্নসমূহ :** যেমন —নিজ পরিচয় দিন বা, কেন পুলিশ কনস্টেবল হতে চান? সেক্ষেত্রে প্রার্থী হিসাবে আপনি সমাজসেবা, শৃঙ্খলা রক্ষার কথা উল্লেখ করুন। পশ্চিমবঙ্গের প্রধান সমস্যা (যেমন বিভিন্ন অপরাধ, প্রাকৃতিক দুর্যোগ) কী ও সমাধান।

**সিচুয়েশনাল প্রশ্ন:** 'যদি দাঙ্গা নিয়ন্ত্রণ করতে যান, কী কী করবেন?' (আইন মেনে শান্তি বজায় রাখুন।)

ইন্টারভিউ এর দিন সময়মতো পৌঁছান, চোখে চোখ রেখে স্পষ্ট কথা বলুন ও অজানা প্রশ্নে 'জানি না' বলুন। শান্ত থাকুন, যুক্তি দিয়ে উত্তর দিন ও পুলিশের মিশন (শৃঙ্খলা, সেবা) মেনে চলুন।

ধাপে ধাপে কীভাবে প্রস্তুতি নেবেন তা সহজভাবে আলোচনা করা হল:

**১. ইন্টারভিউয়ের উদ্দেশ্য বুঝুন :** ইন্টারভিউতে মূলত দেখা হয় আপনি শৃঙ্খলাবদ্ধ (Disciplined) কি না, আপনার আচরণ ও ব্যবহার কেমন, আপনার আত্মবিশ্বাস ও কথা বলার ভঙ্গি আর পুলিশের চাকরির প্রতি আপনার মনোভাব ও দায়িত্ববোধ।

**২.সাধারণ প্রশ্ন ও প্রস্তুতি :**

● নিজের সম্পর্কে প্রস্তুত থাকুন এইসব প্রশ্নের উত্তর দিতে-

নিজের পরিচয় দিন

কেন পুলিশে চাকরি করতে চান?

আপনার শক্তি (Strength) ও দুর্বলতা (Weakness)

আগে কোনো চাকরির অভিজ্ঞতা থাকলে সে সম্পর্কে জানান

আপনার প্রতিটি প্রশ্নের উত্তর হবে ছোটো, সোজা ও সত্যি।

● পশ্চিমবঙ্গ ও ভারত নিয়ে পড়াশুনা করুন -

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, রাজ্যপাল

জেলার নাম, নিজের জেলার গুরুত্বপূর্ণ বিষয়

বর্তমান কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের মন্ত্রী, পুলিশ আধিকারিক,

সংবিধানের মৌলিক অধিকার ও কর্তব্য

● পুলিশ সংক্রান্ত প্রশ্ন খুব গুরুত্বপূর্ণ -

পুলিশের দায়িত্ব কী?

জনসাধারণের সঙ্গে পুলিশের সম্পর্ক কেমন হওয়া উচিত?

আইন ও শৃঙ্খলা বলতে কী বোঝেন?

যদি কেউ প্রভাব খাটাতে চায়, আপনি কী করবেন?

এইসব ক্ষেত্রে সৎ, দায়িত্বশীল ও আইনমুখী উত্তর দিন।

● পোশাক ও আচরণ -

পোশাক:

পরিষ্কার সাধারণ পোশাক (ফর্মাল প্যান্ট, ফুল শার্ট, চুল ও দাড়ি ছাঁটা), মহিলাদের সালোয়ার।

আচরণ :

ঢোকার সময় অনুমতি নিন

সোজা হয়ে বসুন

চোখে চোখ রেখে কথা বলুন

'স্যার/ম্যাডাম' ব্যবহার করুন

● কী করবেন না

মুখস্থ করা লম্বা উত্তর

অতিরিক্ত আত্মবিশ্বাস বা তর্ক

মিথ্যা তথ্য দেওয়া

অযথা হাত নাড়ানো বা নার্ভাস আচরণ

● মানসিক প্রস্তুতি

আগের দিন ভালো ঘুম

নিজের ওপর বিশ্বাস রাখুন

মনে রাখুন: আপনি লিখিত ও ফিজিক্যাল পাশ করেছেন - আপনি যোগ্য

পশ্চিমবঙ্গ পুলিশ কনস্টেবল ইন্টারভিউয়ের সম্ভাব্য কিছু প্রশ্ন-উত্তর সহজ ও বাস্তবধর্মীভাবে দেওয়া হল। এগুলি ভালো করে প্র্যাকটিস করলে ইন্টারভিউতে আত্মবিশ্বাস অনেক বাড়বে।

**নিজের সম্পর্কে :**

**১. নিজের পরিচয় দিন।**

'আমি — জেলার বাসিন্দা। আমার শিক্ষাগত যোগ্যতা —। আমি শৃঙ্খলাবদ্ধ ও পরিশ্রমী, তাই পুলিশে চাকরি করতে আগ্রহী।'

**২. কেন পুলিশে যোগ দিতে চান?**

'সমাজে আইন-শৃঙ্খলা বজায় রাখা ও মানুষের সেবা করাই আমার লক্ষ্য।'

**৩. আপনার শক্তি কী?**

'আমি দায়িত্বশীল, সময়নিষ্ঠ আর চাপের মধ্যে শান্ত থাকতে পারি।'

**৪. আপনার দুর্বলতা কী?**

'আমি কাজ নিখুঁত করতে চাই, তাই কখনও একটু বেশি সময় নিয়ে ফেলি-এটা আমি নিয়ন্ত্রণ করার চেষ্টা করছি।'

**৫. পরিবারের কেউ পুলিশে আছেন?**

'না স্যার, তবে পরিবার সবসময় আমাকে উৎসাহ দিয়েছে।'

**৬. এই চাকরি না পেলে কী করবেন?**

'আমি আরও ভালোভাবে প্রস্তুতি নিয়ে আবার চেষ্টা করব।'

**পুলিশ ও চাকরি সংক্রান্ত :**

**১. পুলিশের প্রধান দায়িত্ব কী?**

'আইন-শৃঙ্খলা বজায় রাখা ও সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করা।'

**২. একজন ভালো পুলিশ কেমন হওয়া উচিত?**

'সৎ, সাহসী, ধৈর্যশীল ও মানবিক।'

**৩. জনসাধারণের সঙ্গে পুলিশের সম্পর্ক কেমন হওয়া উচিত?**

'সহযোগিতামূলক ও বিশ্বাসযোগ্য।'

**৪. কেউ ঘুষ দিতে চাইলে কী করবেন?**

'আমি আইন অনুযায়ী ব্যবস্থা নেব ও ঘুষ নেব না।'

**৫. চাপের মধ্যে কাজ করতে পারবেন?**

'হ্যাঁ স্যার, আমি মানসিক ও শারীরিকভাবে প্রস্তুত।'

**৬. রাতের ডিউটি করতে অসুবিধা হবে?**

'না স্যার, ডিউটি আমার দায়িত্ব।'

**৭. যদি উর্ধ্বতন অফিসারের আদেশ ভুল মনে হয়?**

'আমি নিয়ম অনুযায়ী বিষয়টি ভদ্রভাবে জানাব।'

**৮. আইন মানে কী বোঝেন?**

'আইন হল সমাজে শৃঙ্খলা বজায় রাখার নিয়ম।'

**৯. কনস্টেবলের কাজ কী?**

'আইন-শৃঙ্খলা রক্ষা ও উর্ধ্বতন কর্মকর্তাকে সহায়তা করা।'

**১০. পুলিশে শৃঙ্খলা কেন জরুরি?**

'শৃঙ্খলা ছাড়া দায়িত্ব সঠিকভাবে পালন করা যায় না।'

**পুলিশ কনস্টেবল ইন্টারভিউতে সিচুয়েশনাল প্রশ্ন** (যেমন দাঙ্গা, অভিযোগ বা জরুরি পরিস্থিতি) মাইন্ডসেট, সিদ্ধান্তক্ষমতা ও আইনানুগমন যাচাই করে, তাই STAR (Situation, Task, Action, Result) স্ট্রাকচারে উত্তর দিন। এতে লজিক্যাল, শান্ত ও পুলিশ মাইন্ডসেট (আইন+শৃঙ্খলা+মানবতা) দেখানো যায়।

প্রশ্ন : দাঙ্গায় নিয়ন্ত্রণে গিয়ে কী করবেন?

Situation: ভিড়ে দাঙ্গা শুরু, লোকজন অস্ত্র নিয়ে আক্রমণাত্মক।

Task: শান্তি ফিরিয়ে আনা, জীবন রক্ষা।

Action: লাউডস্পিকারে সতর্ক করব, ব্যারিয়ার তৈরি, ব্যাকআপ কল, অপরাধীদের আইন মেনে গ্রেফতার।

Result: দাঙ্গা নিয়ন্ত্রণে, কোনো হতাহত নেই; শৃঙ্খলা পুনরুদ্ধার।

পশ্চিমবঙ্গ পুলিশ সম্পর্কে জানুন, বর্তমানে বিভিন্ন অপরাধের ধরণ (সাইবার ক্রাইম, ফিশিং, বুলিং) সম্পর্কে জানুন।

# ১০,৩২২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

১ পাতার পর

সার্ভিস (TCS)-এর চিফ হিউম্যান রিসোর্স অফিসার (CHRO) সুদীপ কুন্নুমাল-এর মতে, "যেকোনো কোম্পানি যদি ব্যবসা বাড়াতে চায়, তাহলে সবচেয়ে বেশি গুরুত্ব দেয় কম্পিটিটিভ স্ট্রং ওয়ার্কফোর্স তৈরি করার ওপর। বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কর্মসংস্থান-এর দিক থেকে দেশের সবচেয়ে বড় সংস্থা হল টাটা গ্রুপ। আর এই বহুজাতিক কনগ্লোমারেট-এর সবচেয়ে লাভজনক শাখা সংস্থা হল টাটা কনসালটেন্সি সার্ভিস (TCS). কারণ, শুধুমাত্র এখানেই কাজ করেন ৫,৯৩,৩১৪ (মার্চ, ২০২৫ পর্যন্ত নেওয়া তথ্য অনুযায়ী) জন কর্মী। এই বিশাল সংখ্যক কর্মীর ঠিকঠাক দেখভাল ও পরিচালনা করার মধ্যেই লুকিয়ে আছে TCS-এর সুখ্যাতি ও সফলতা। আধুনিক যুগে যে কোম্পানি, যত ভালোভাবে কর্মী পরিচালনা বৈজ্ঞানিক পদ্ধতিতে করে থাকে, সেই কোম্পানির হোলিস্টিক ও স্ট্র্যাটেজিক গ্রোথ সবচেয়ে বেশি হয়। তাই আজ সারা পৃথিবীর মধ্যে TCS-এর ওয়ার্কফোর্সের কোনো তুলনা নেই। আর এই পুরো ওয়ার্কফোর্স ঠিকঠাক মতো পরিচালনা করার দায়িত্বে রয়েছেন ৫,০২২ জন হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্টের ডেডিকেটেড কর্মী। তাই প্রত্যেক বছর এই বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক ছেলেমেয়ে নিযুক্ত হয়।" এই উদাহরণ থেকে এটা সহজেই অনুমেয়, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় HR বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, একজন সাধারণ মানের গ্র্যাজুয়েট ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে HR ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় 'Talent Acquisition (HR)' পদে। উল্লেখ্য, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ১০,০০০ থেকে ১৫,০০০ 'Talent Acquisition (HR)' নিয়োগ হয়। এদের মূল কাজ হয় ইন্টারভিউয়ের মাধ্যমে কোম্পানির জন্য সেরা ছেলেমেয়েদের রিক্রুট করা, কোম্পানির কর্মীদের পারফরম্যান্স রিভিউ করা, অ্যাটেনডেন্স ঠিকঠাক মতো হচ্ছে কিনা সেই বিষয়ে নজর রাখা, কর্মীদের পারস্পরিক বোঝাপড়া সুদৃঢ় করা, যোগ্যতা অনুযায়ী ঠিকঠাক সময় কর্মীদের পদোন্নতি, স্যালারি ও কমপেনসেশন ম্যানেজমেন্ট (ESI, PF, Gratuity ইত্যাদি) অত্যন্ত গুরুত্বপূর্ণ প্যারামিটারের ব্যাপারে সম্পূর্ণরূপে খেয়াল রাখা। অর্থাৎ এককথায় বলতে গেলে কর্মীদের সঙ্গে সংশ্লিষ্ট কোম্পানির ম্যানেজমেন্টের যোগসূত্র স্থাপন করাই একজন হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের কাজ। তাই প্রতিটি কোম্পানিতে এই পদের গুরুত্ব অপরিসীম। তাই সারা বছর ধরে সবচেয়ে বেশি সংখ্যক কর্মসংস্থান হয় এই পদে। আর এই বিপুল সংখ্যক পদে আবেদনের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে ও ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে ৩ থেকে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির হিউম্যান রিসোর্স আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের ট্রেনিং নিলে এই সেক্টরে চাকরি পাওয়া যাবে, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। foundit.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে HR ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৩ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।' এই বিভাগে সবচেয়ে বেশি লোক নেওয়া হয় **Talent Acquisition (HR)** পদে। যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে HR Executive হিসাবে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'প্রতিটি কোম্পানিতেই HR বিভাগে স্কিলড লোকজন দরকার। তাই এখানে সারা বছর ধরে এত সংখ্যক নিয়োগ হয়।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন HR ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই HR বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও নিয়োগ হতে পারে। (৫) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **Interview Conduction Process, Workforce Management Technique, Employee Performance Management, Attendance Management, Employee Relations, Selection & Recruitment Management, Performance & Compensation Management**-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব স্ট্যাচুটরি ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৭) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৮) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (৯) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১০) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১১) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। আর কোর্স ফি-র ওপর স্কলারশিপের (শর্তানুযায়ী) ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

> **শুধুমাত্র গ্র্যাজুয়েশন যোগ্যতায় ৩ থেকে ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ১০০টি থেকে ১৩০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৪,০০০ চাকরি হয়।**

গত সপ্তাহের পর

১১ অক্টোবর : প্রথম ভারতীয় হিসাবে, এবছর 'মিসেস ইউনিভার্স'এর খেতাব জিতে ইতিহাস গড়লেন শেরি সিং।



ফিলিপিন্সের ম্যানিলায়, ৪৮ তম 'মিসেস ইউনিভার্স' প্রতিযোগিতায় বিশ্বের ১২০টি দেশের প্রতিযোগীরা অংশ নেন। প্রথম রানার আপ হন সেন্ট পিটাসবার্গের প্রতিযোগী ও দ্বিতীয় রানার-আপ হন ফিলিপিন্সের প্রতিযোগী।

১৩ অক্টোবর : 'জাতীয় সবুজ হাইড্রোজেন মিশন'এর অধীনে, ভারতের ৩ বন্দর 'দীনদয়াল বন্দর' (গুজরাত), 'ভি.ও.চিদাম্বরনার বন্দর' (তামিলনাড়ু) ও 'পারাদ্বীপ বন্দর'কে (ওড়িশা) সবুজ হাইড্রোজেন হাব হিসাবে স্বীকৃতি দিল কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি মন্ত্রক। এই স্বীকৃতিটি ২০৭০ সালের মধ্যে ভারতের পরিষ্কার জ্বালানি রূপান্তর ও শূন্য কার্বন নির্গমন লক্ষ্যমাত্রার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই হাবগুলি বিস্তৃত অঞ্চল হিসাবে কাজ করবে, যেখানে পরিষ্কার হাইড্রোজেন উৎপাদন, সংরক্ষণ ও পরিবহণ করা হবে আর বিভিন্ন খাতে (শিপিং, লজিস্টিক্স, সার ও পরিশোধন) তা ব্যবহার করা হবে।

১৪ অক্টোবর : আন্তর্জাতিক ফুটবলে সবথেকে বেশি অ্যাসিস্ট করার শিরোপা পেলেন মেসি। এদিন, পুয়ের্তো রিকোর বিরুদ্ধে ৬-০ গোলে জেতে আর্জেন্টিনা। সেখানে ২টি অ্যাসিস্ট করেন মেসি। যার ফলে দেশের জার্সি গায়ে সবথেকে বেশি অ্যাসিস্ট করার রেকর্ড এখন তাঁর ঝুলিতে। নেইমার জুনিয়রকে টপকে ৬০ অ্যাসিস্ট করে এই রেকর্ড গড়েন মেসি। এই তালিকায় দুই নম্বরে থাকা নেইমারের আন্তর্জাতিক ফুটবলে অ্যাসিস্ট ৫৯। এই তালিকায় তিন নম্বরে রয়েছেন ল্যান্ডন ডোনোভন। মার্কিন যুক্তরাষ্ট্রের জার্সিতে তিনি সতীর্থদের দিয়ে ৫৮ গোল করিয়েছেন। চার নম্বরে রয়েছেন হাঙ্গেরির কিংবদন্তি ফ্রেঙ্ক পুসকাস। আন্তর্জাতিক ফুটবলে তাঁর অ্যাসিস্ট ৫৩। জাতীয় দলের হয়ে পুসকাসের সমান ৫৩ অ্যাসিস্ট করেছেন বেলজিয়ামের কেভিন ডি ব্রুইন।

❑ আন্ধ্রা প্রদেশের বিশাখাপত্তনমে, ভারতের বৃহত্তম ডেটা সেন্টার ক্যাম্পাস তৈরির জন্য 'গুগল'এর সঙ্গে অংশীদারিত্ব করল 'আদানি এন্টারপ্রাইজেস'এর যৌথ উদ্যোগ 'আদানিকনেক্স'। এই প্রকল্পে ৫ বছরের জন্য ১৫ বিলিয়ন ডলার বিনিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই গিগাওয়াট-স্কেল এআই হাবটিতে থাকবে সাবসী কেবল, ক্লিন এনার্জি। যার লক্ষ্য হল, ভারতে এআই উদ্ভাবন ও ডিজিটাল পরিকাঠামোগত বৃদ্ধি তরান্বিত করা। এটি হবে মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে এই ধরনের বৃহত্তম প্রকল্প। 'গুগল ক্লাউড'এর সিইও থমাস কুরিয়ান'এর মতে, এই ডেটা সেন্টারটি প্রাথমিকভাবে ১ গিগাওয়াট ক্ষমতায় পরিচালিত হবে, যা পরে একাধিক গিগাওয়াট ক্ষমতায় বাড়িয়ে তোলার পরিকল্পনা রয়েছে। এই সুবিধাটি ১২টি দেশে বিস্তৃত 'গুগল'এর এআই হাবের বৈশ্বিক নেটওয়ার্কের অংশ হয়ে উঠবে।

❑ প্রথম ভারতীয় হিসাবে, মর্যাদাপূর্ণ 'কেন্টন আর.মিলার পুরস্কার' পেলেন 'কাজিরাঙ্গা ন্যাশনাল পার্ক অ্যান্ড টাইগার রিজার্ভ'এর ডিরেক্টর ড.সোনালী ঘোষ। জাতীয় উদ্যান ও সংরক্ষিত এলাকার স্থায়িত্ব ব্যবস্থাপনায় উদ্ভাবনের জন্য এই পুরস্কার দেওয়া হয়। সম্প্রদায়-চালিত সংরক্ষণ মডেলের জন্য এই পুরস্কার পেয়েছেন তিনি। আবুধাবিতে এক অনুষ্ঠানে, আইইউসিএন'এর অধীন 'ওয়ার্ল্ড কমিশন অন প্রোটেক্টেড এরিয়াস'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়েছে। তাঁর সঙ্গে এই পুরস্কার পেয়েছেন ইকুয়েডরের রোক সিমন সেভিলা লারিয়া।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে 'ত্রিমুখী নির্মূল' অর্জন করে বিশ্বরেকর্ড গড়ল মলদ্বীপ। মা থেকে শিশুর মধ্যে এইচআইভি, হেপাটাইটিস বি ও সিফিলিস সংক্রমণ নির্মূলের জন্য মলদ্বীপকে স্বীকৃতি দিল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'। এর ফলে মা ও শিশু স্বাস্থ্যের ক্ষেত্রে বিশ্বব্যাপী একটি উদাহরণ স্থাপন করেছে দেশটি। দেশটিতে ৯৫ শতাংশেরও বেশি গর্ভবতী মহিলা প্রসবপূর্ব পরিষেবা পান। নবজাতকদের মধ্যে সংক্রমণ রোধ করার জন্য গর্ভাবস্থায় প্রায় সবারই এইচআইভি, সিফিলিস ও হেপাটাইটিস বি পরীক্ষা করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য, 'ত্রিমুখী নির্মূল' কথাটির অর্থ হল, মা থেকে শিশুর মধ্যে ৩টি প্রধান সংক্রমণের বিস্তার বন্ধ করা।

১৫ অক্টোবর : 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার'এর প্রথম ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন ড্যান কাটজ।

❑ ২০২৭ সালের মধ্যে দেশে উৎপাদিত সব পৌর বর্জ্য রাস্তা তৈরির জন্য ব্যবহার করার পরিকল্পনা নিয়েছে 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া'। চেন্নাইয়ের কাছে এক ইঞ্জিনিয়ারিং কলেজের সমাবর্তন অনুষ্ঠানে এই উদ্যোগের কথা ঘোষণা করেন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি। তিনি বলেন, জাতীয় মহাসড়ক প্রকল্পগুলিতে এরমধ্যেই ৮০ লাখ টন পৌর বর্জ্য ব্যবহার করা হচ্ছে। যার মধ্যে আহমেদাবাদ-পুণে মহাসড়ক তৈরিতে ২৫ লাখ টন ও মুম্বই-দিল্লি মহাসড়ক তৈরিতে ৮০ লাখ টন পৌর বর্জ্য ব্যবহার করা হয়েছে।



অভিনেতা পঙ্কজ ধীর (৬৮ বছর) মারা গেলেন। টেলিভিশনের পর্দায় 'মহাভারত' ধারাবাহিকে 'কর্ণ'র ভূমিকায় অভিনয় করে প্রবল জনপ্রিয়তা পান তিনি। এছাড়াও, বেশ কিছু হিন্দি চলচ্চিত্রতেও অভিনয় করেছিলেন তিনি।

১৬ অক্টোবর : ভারতের প্রাচীনতম জাহাজ নির্মাণ প্রতিষ্ঠানগুলির মধ্যে একটি বিশাখাপত্তনমের 'হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেড'কে 'মিনি রত্ন' মর্যাদা দিল কেন্দ্রীয় সরকার। এই স্বীকৃতি সংস্থাটির আর্থিক সংগ্রাম থেকে ধারাবাহিক লাভজনকতা আর পরিচালনাগত উৎকর্ষতার দিকে প্রত্যাবর্তনের প্রতীক।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে সরাসরি জলের নীচে সাক্ষাৎকারের আয়োজন করে ইতিহাস গড়ল প্রশান্ত মহাসাগরের ছোট দ্বীপ রাষ্ট্র পালাউ। সমুদ্র সংরক্ষণের গুরুত্ব তুলে ধরতে, দেশটির প্রেসিডেন্ট সুরাঞ্জেল হুইপস জুনিয়র, এস্তোনিয়ার অলিম্পিক সাঁতারু ও পরিবেশকর্মী মেরলে লিভ্যান্ড'এর সঙ্গে জলের নীচে কথোপকথন পরিচালনা করেন। জলের নীচে এই সাক্ষাৎকারটি 'লাই-ফি টকিং মাস্ক' প্রযুক্তির মাধ্যমে সম্ভব হয়েছে, যা আলোর মাধ্যমে জলের নীচে শব্দ পাঠাতে পারে। প্রযুক্তিটির প্রসার ও প্রচারে কাজ করছেন উদ্যোক্তা গুন্টার পাউলি।

❑ প্রথম ভারতীয় পর্বতারোহী হিসাবে, বিশ্বের ১৪টি সর্বোচ্চ শৃঙ্গের মধ্যে ৮,০০০ মিটারেরও বেশি উচ্চতার ৯টি শৃঙ্গ জয় করে ইতিহাস গড়লেন আন্ধ্রা প্রদেশের কুর্নুলের বাসিন্দা ভারত থাম্মিনেনি। ১৪ অক্টোবর, ষষ্ঠ সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট চো ওয়ু'র (৮১৮৮ মিটার) শীর্ষে আরোহণ করে এই নজির গড়লেন তিনি। এর আগে ২০১৭ সালে 'মাউন্ট এভারেস্ট' (৮,৮৪৯ মিটার), ২০১৮ সালে 'মাউন্ট মানাসলু' (৮১৬৩ মিটার), ২০১৯ সালে 'মাউন্ট লোৎসে' (৮,৫১৬ মিটার), ২০২২ সালে 'মাউন্ট কাঞ্চনজঙ্ঘা' (৮,৫৮৬ মিটার) ও 'মাউন্ট অন্নপূর্ণা' (৮,০৯১ মিটার), ২০২৩ সালে 'মাউন্ট মাকালু' (৮,৪৮৫ মিটার), ২০২৪ সালে 'মাউন্ট শিশাপাংমা' (৮,০২৭ মিটার) আর ২০২৫ সালে 'মাউন্ট ধৌলাগিরি' (৮,১৬৭ মিটার) জয় করেছেন তিনি।

❑ পশ্চিমবঙ্গকে ১-০ ব্যবধানে হারিয়ে, ৩০ তম 'সিনিয়র উইমেনস ন্যাশনাল ফুটবল চ্যাম্পিয়নশিপ' ('রাজমাতা জিজাবাই' ট্রফি নামেও পরিচিত) জিতল মণিপুর।

১৭ অক্টোবর : 'গুগল ক্লাউড'এর সঙ্গে অংশীদারিত্বে, 'সিক্রেট মাউন্টেন' চালু করলেন কিংবদন্তি সঙ্গীতশিল্পী এ.আর.রহমান। এটি একটি এআই-চালিত ডিজিটাল অবতার সঙ্গীত প্রকল্প। 'সিক্রেট মাউন্টেন' একটি ভার্চুয়াল ব্যান্ড। এর মধ্যে রয়েছে ৬টি বৈচিত্র্যময় ডিজিটাল অবতার, যার মধ্যে রয়েছে 'কারা' (আইরিশ গায়ক-গীতিকার), 'জেন ট্যাম' (তামিল র‍্যাপার) ও 'ব্লেসিং' (আফ্রিকান পারকাশনবাদক ও কণ্ঠশিল্পী)। এই প্রকল্পটি গুগল ক্লাউডের উন্নত এআই স্যুট'এর মাধ্যমে চালিত, যেখানে 'জেমিনি ২.৫ প্রো' (ফ্যানদের সঙ্গে যোগাযোগের জন্য কথোপকথনের 'মস্তিষ্ক' হিসাবে কাজ করে), 'ভিও ৩' (অবতার বাস্তবায়ন ও ভিডিও তৈরির জন্য) আর উচ্চমানের ভিশ্যুয়ালের জন্য ইমেজেন ও জেমিনি ফ্ল্যাশ ২.৫ (ন্যানো ব্যানানা) ইমেজের মতো মডেল রয়েছে।

১৮ অক্টোবর : মহিলাদের জন্য ভারতের প্রথম ইউপিআই 'লক্ষ্মীপে' চালু করল 'লক্ষ্মী'। 'লক্ষ্মী' হল মহিলাদের জন্য ভারতের শীর্ষস্থানীয় আর্থিক প্ল্যাটফর্ম। 'লক্ষ্মীপে'এর লক্ষ্য হল, মহিলাদের জন্য দৈনন্দিন লেনদেনকে স্মার্ট আর্থিক সুযোগে পরিণত করা। এটি বিশেষভাবে মহিলাদের জন্য তৈরি, কারণ এটি তাঁদের বুদ্ধিমত্তার সঙ্গে খরচ করতে, বিল পেমেন্ট করতে, অনায়াসে বাজেট করতে, খরচ ট্র্যাক করতে, সঞ্চয় করতে আর তাঁদের সম্পদ বাড়াতে সক্ষম করবে। এছাড়াও, 'লক্ষ্মীপে'তে ডিজিটাল গোল্ড রিওয়ার্ডের সুবিধাও রয়েছে।

❑ লাতিন আমেরিকার প্রথম দেশ হিসাবে, আইনের মাধ্যমে ইচ্ছামৃত্যুকে বৈধতা দিল উরুগুয়ে। সম্প্রতি ইচ্ছামৃত্যুকে অপরাধের তালিকা থেকে মুক্ত করে আইন পাস করল উরুগুয়ের সেনেট। এই নতুন আইনে, দুরারোগ্য অসুস্থতা ও অসহনীয় যন্ত্রণায় ভুগতে থাকা রোগীদের চিকিৎসা সহায়তায় মৃত্যুর অনুমতি দেওয়া হয়েছে। তবে স্বাস্থ্যসেবা পেশাদারদের মাধ্যমেই এই পদ্ধতিটি পরিচালিত হবে। এর আগে, কলম্বিয়া ও ইকুয়েডর বিচারিক সিদ্ধান্তের মাধ্যমে ইচ্ছামৃত্যুর অনুমতি দিয়েছে।

❑ এমএলএস লিগে সর্বোচ্চ গোলের পুরস্কার 'গোল্ডেন বুট' পেলেন লিওনেল মেসি। ইন্টার মিয়ামির জার্সিতে ২৮ ম্যাচে ২৯ গোল করে প্রথমবারের মতো এই পুরস্কার জিতলেন তিনি। এমএলএস'এর এক মরসুমে মেসির থেকে বেশি গোল রয়েছে শুধুমাত্র ৩ জনের – কার্লোস ভেলা (৩৪), জোসেফ মার্তিনেজ (৩১) ও ইব্রাহিমোভিচ (৩০)। চলতি মরসুমে মেসি গোলের পাসও বাড়িয়েছেন ১৯টি।

❑ আইসল্যান্ডের পর বিশ্বের দ্বিতীয় ক্ষুদ্রতম দেশ হিসাবে, ২০২৬ সালে বিশ্বকাপ ফুটবলের যোগ্যতা অর্জন করল পশ্চিম আফ্রিকার ছোট্ট দ্বীপরাষ্ট্র কেপ ভার্দে। সাড়ে ৫ লাখ লোকসংখ্যার এই দ্বীপরাষ্ট্র এই প্রথম বিশ্বকাপে খেলবে। ৮ বার বিশ্বকাপে খেলা ক্যামেরুনকে টপকে, ২৩ পয়েন্ট নিয়ে এই যোগ্যতা অর্জন করল দেশটি। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৬ সালে ফিফা'র সদস্যপদ পায় কেপ ভার্দে।

❑ ইস্ট বেঙ্গল এফসি'কে পেনাল্টি শুটআউটে ৫-৪ ব্যবধানে হারিয়ে, ১২৫ তম 'আইএফএ শিল্ড ফুটবল টুর্নামেন্ট' জিতল মোহন বাগান সুপার জায়ান্ট।

সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

১৯ অক্টোবর : আসন্ন জাতীয় জনগণনায়, অসমের বোড়ো সম্প্রদায়ের বাথৌ ধর্মকে আনুষ্ঠানিকভাবে একটি আলাদা কোড দেওয়া হল, যা একটি গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক স্বীকৃতি হিসাবে চিহ্নিত। বাথৌইজম হল বোড়ো সম্প্রদায়ের একটি ঐতিহ্যবাহী বিশ্বাস। বাথৌ ধর্ম হল একটি প্রাচীন আধ্যাত্মিক অনুশীলন, যা প্রকৃতি ও ৫টি মৌলিক উপাদানকে (পৃথিবী, জল, আগুন, বায়ু ও আকাশ) কেন্দ্র করে তৈরি হয়েছে।

❑ ২০২৫ সালে 'ব্রিকস আন্তর্জাতিক পুরস্কার'এ ভূষিত হলেন দাগেস্তান প্রজাতন্ত্রের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী আবুসুপিয়ান খারখারভ। আধ্যাত্মিক শিক্ষা, সাংস্কৃতিক উন্নয়ন ও সামুদ্রিক উদ্ভাবনে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। রাশিয়ার মস্কোতে, রাশিয়ান ফেডারেশনের স্টেট ডুমা আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ বৈশ্বিক সামরিক বিমানবাহিনীর সামগ্রিক শক্তির নিরিখে, চিনকে পিছনে ফেলে বিশ্বের তৃতীয় ও এশিয়ার সবথেকে শক্তিশালী দেশের তকমা পেল ভারত। সম্প্রতি প্রকাশিত 'ওয়ার্ল্ড ডিরেক্টরি অফ মডার্ন মিলিটারি এয়ারক্র্যাফট' এর ২০২৫ সালের প্রতিবেদনে এই তথ্য উঠে এসেছে। এই তালিকায় ভারতের রেটিং ৬৯.৪ ও চিনের রেটিং ৫৮.১। এই মুহূর্তে ভারতের কাছে রয়েছে ১,৭১৬টি এয়ারক্র্যাফট। এই এয়ারক্র্যাফটের মধ্যে রয়েছে ৩১.৬% ফাইটার জেট। এই তালিকায় প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র (২৪২.৯) ও রাশিয়া (১১৪.২)।

❑ স্তন ক্যান্সার চিকিৎসায় গবেষণার স্বীকৃতি হিসাবে, 'ড.দিব্যা রবীন্দ্রন স্মৃতি পুরস্কার'এ ভূষিত হলেন ড.অর্চনা এম.জি.। ডালিমের খোসা থেকে বিচ্ছিন্ন পলিস্যাকারাইড ব্যবহার করে স্তন ক্যান্সারের বিরুদ্ধে ন্যানো পার্টিকল তৈরির জন্য এই পুরস্কার পেলেন তিনি। তিরুবনন্তপুরমের 'রিজিওন্যাল ক্যান্সার সেন্টার'এর প্রাক্তন গবেষক ড.দিব্যা রবীন্দ্রন'এর স্মরণে এই পুরস্কার দেওয়া হয়।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## বন্দে ভারত স্লিপার ট্রেন



❑ ১৭ জানুয়ারি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন পরিষেবার উদ্বোধন করলেন হাওড়া-গুয়াহাটি (কামাখ্যা) রুটে। মালদহ থেকে এই নতুন ট্রেনটির উদ্বোধন করেন তিনি।

❑ এই ট্রেনের মাধ্যমে পশ্চিমবঙ্গ ও উত্তর-পূর্ব ভারতের মধ্যে হাইস্পিড রেল যোগাযোগে একনতুন অধ্যায়ের সূচনা হল।

❑ এই ট্রেনটি হাওড়া থেকে গুয়াহাটি (কামাখ্যা) পর্যন্ত যাবে প্রায় ১৪ ঘন্টায়, যা অন্যান্য ট্রেনে লাগে প্রায় ২০ ঘন্টা।

❑ ট্রেনটিতে ১১টি এসি থ্রি টায়ার (খাবার-সহ ভাড়া ২,৩০০ টাকা) ৪টি এসি টু টায়ার (খাবার -সহ ৩,০০০ টাকা) ও ১টি ফার্স্ট ক্লাস এসি (খাবার-সহ ৩,৬০০ টাকা) কামরা-সহ মোট ১৬টি কামরা রয়েছে।

❑ একসঙ্গে ৮২৩ জন যাত্রী ভ্রমণ করতে পারবেন ট্রেনটিতে।

❑ পুরোপুরি শীতাতপ নিয়ন্ত্রিত সেমি হাই-স্পিড ট্রেনটির সর্বোচ্চ গতি ঘন্টায় ১৮০ কিলোমিটার।

❑ হাওড়া থেকে যে ট্রেন কামাখ্যা যাবে, তার নম্বর ২৭৫৭৫। হাওড়া থেকে সন্ধ্যে ৬টা ২০ মিনিটে ট্রেনটি ছেড়ে কামাখ্যা পৌঁছাবে পরের দিন সকাল ৮টা ২০ মিনিটে। বুধবার এই ট্রেন চলবে না।

❑ হাওড়া থেকে ছেড়ে ট্রেনটি ব্যান্ডেল পৌঁছাবে সন্ধ্যে ৬টা ৫৬ মিনিটে, নবদ্বীপ ধাম : সন্ধ্যে ৭টা ৩৬ মিনিটে, কাটোয়া জংশন : রাত ৮টা ৩ মিনিটে, আজিমগঞ্জ : রাত ৮টা ৫০ মিনিটে, নিউ ফারাক্কা জংশন : রাত ৯টা ৪৮ মিনিটে, মালদহ টাউন : রাত ১০টা ৫০ মিনিটে, নিউ জলপাইগুড়ি : রাত ১টা ৪০ মিনিটে, কামাখ্যা : সকাল ৮টা ২০ মিনিটে।

❑ প্রতি স্টেশনে ২ মিনিট করে দাঁড়াবে ট্রেনটি।

❑ কামাখ্যা থেকে যে ট্রেন হাওড়া আসবে, তার নম্বর ২৭৫৭৬। ছাড়বে সন্ধ্যে ৬টা ১৫ মিনিটে। পরের দিন সকাল ৮টা ১৫ মিনিটে হাওড়া পৌঁছাবে ট্রেনটি। বৃহস্পতিবার এই ট্রেন চলবে না।

❑ কামাখ্যা থেকে ছেড়ে নিউ জলপাইগুড়ি পৌঁছাবে রাত সাড়ে ১১টা, মালদহ টাউন : রাত ৩টে ২৫ মিনিটে, নিউ ফারাক্কা জংশন : ভোর ৪টে ২ মিনিটে, আজিমগঞ্জ : ভোর ৪টে ৫৭ মিনিটে, কাটোয়া জংশন : ভোর ৫টা ৪৬ মিনিটে, নবদ্বীপ ধাম : সকাল ৬টা ১৩ মিনিটে, ব্যান্ডেল : সকাল ৬টা ৫৮ মিনিটে, হাওড়া : সকাল ৮টা ১৫ মিনিটে।

❑ এছাড়াও যাত্রাপথে উভয় দিকে রঙ্গিয়া, নিউ বঙ্গাইগাঁও, নিউ আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, জলপাইগুড়ি রোড, আলুয়াবাড়ি রোড স্টেশনেও ট্রেনটি থামবে।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ
## এক নজরে

**২০ অক্টোবর :** অযোধ্যায় 'দীপোৎসব'এ ২টি 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল উত্তর প্রদেশ। ২০২৫ সালে এই উৎসবে 'সরযূ' নদীর ৫৬টি ঘাটে মোট ২৬,১৭,২১৫টি প্রদীপ জ্বালানো হয়েছে। এর পাশাপাশি অন্য আরেকটি রেকর্ডও তৈরি হয়, যেখানে ২,১২৮ জন বৈদিক পণ্ডিত, পুরোহিত ও সাধক একসঙ্গে সরযূ আরতি করেন। 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড'এর প্রতিনিধিরা ড্রোনের মাধ্যমে প্রদীপের সংখ্যা যাচাই করে আনুষ্ঠানিকভাবে এই সাফল্যের ঘোষণা করেন। প্রথম রেকর্ডটি দেওয়া হয়েছে সবথেকে বেশি তেলের প্রদীপ একসঙ্গে জ্বালানোর জন্য। দ্বিতীয় রেকর্ডটি তৈরি হয়েছে, একসঙ্গে সবথেকে বেশি ব্যক্তির আরতির জন্য।

❑ প্রথম ভারতীয় মহিলা কম্পাউন্ড তিরন্দাজ হিসাবে, 'তিরন্দাজি বিশ্বকাপ' ফাইনালে পদক জিতে ইতিহাস গড়লেন জ্যোতি সুরেখা ভেন্নাম। চিনের নানজিংয়ে, দ্বিতীয় বাছাই এলা গিবসন'কে ১৫০-১৪৫ ব্যবধানে হারিয়ে ব্রঞ্জ পদক পেয়েছেন তিনি।

❑ আর্জেন্তিনাকে ২-০ ব্যবধানে হারিয়ে, 'অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ' জিতল মরক্কো।

**২১ অক্টোবর :** বলিভিয়ার প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন রদ্রিগো পাজ।



প্রথম কণ্ঠশিল্পী হিসাবে, ২০২৫ সালে জাপানের মর্যাদাপূর্ণ 'পার্সন অফ কালচারাল মেরিট' সম্মান পেয়ে ইতিহাস গড়লেন মাসাকো নোজাওয়া। ড্রাগন বল ফ্র্যাঞ্চাইজির সন গোকু'র কণ্ঠস্বর হিসাবে সবথেকে বেশি পরিচিত তিনি। ৩ নভেম্বর তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ১৯৫১ সালে এই পুরস্কার চালু করা হয়। এই পুরস্কারটি হল জাপানের সর্বোচ্চ স্বীকৃতিগুলির মধ্যে একটি। দেশটির সংস্কৃতি ও শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, এমন ব্যক্তিত্বদের এই পুরস্কার দেওয়া হয়।

❑ ব্রাজিলের কাছে 'আকাশ' ক্ষেপণাস্ত্র ব্যবস্থা বিক্রি করার প্রস্তুতি নিচ্ছে ভারত। ভারতে সফররত ব্রাজিলের ভাইস প্রেসিডেন্ট ও প্রতিরক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক করেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। সেখানেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই চুক্তির ফলে দুই দেশের মধ্যে কৌশলগত সম্পর্ক আরও জোরদার হবে বলে মনে করা হচ্ছে। 'আকাশ' ক্ষেপণাস্ত্র হল দেশীয়ভাবে ভারতের তৈরি ভূমি থেকে আকাশ ক্ষেপণাস্ত্র ব্যবস্থা। এটি ৪৫ কিলোমিটার দূর থেকে শত্রুপক্ষের বিমান, ড্রোন বা ক্রুজ মিসাইল ধ্বংস করতে পারে। এটি তৈরি করেছে 'ডিআরডিও'। এটি সস্তা ও নির্ভরযোগ্য হওয়ায়, অনেক দেশ এই ক্ষেপণাস্ত্র ব্যবস্থা কেনার জন্য আগ্রহ দেখিয়েছে।

❑ রাষ্ট্রসঙ্ঘের 'ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন'এর তরফ থেকে বিশ্বব্যাপী প্রযুক্তিগত স্বীকৃতি পেল 'নেচার এনভায়রনমেন্ট অ্যান্ড ওয়াইল্ডলাইফ সোসাইটি'র মাধ্যমে তৈরি পশ্চিমবঙ্গের সুন্দরবনের 'সাসটেইনেবল অ্যাকোয়াকালচার ইন ম্যানগ্রোভ ইকোসিস্টেমস' মডেলটি। এই মডেলটি হল পশ্চিমবঙ্গে ম্যানগ্রোভ বাস্তুতন্ত্র রক্ষা করার পাশাপাশি চিংড়ির বাণিজ্য উন্নত করার জন্য একটি মাল্টি-স্টেকহোল্ডার পার্টনারশিপ। গ্লোবাল নেচার ফান্ড, নেচার এনভায়রনমেন্ট অ্যান্ড ওয়াইল্ডলাইফ সোসাইটি, ন্যাচারল্যান্ড আর বাংলাদেশ এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটি'র সহযোগিতায় এই মডেলটি বাস্তবায়িত হয়।

❑ ২০২৫ সালে ইন্দোনেশিয়ার বালিতে, 'ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন'এর তরফ থেকে প্রকাশিত 'গ্লোবাল ফরেস্ট রিসোর্সেস অ্যাসেসমেন্ট' অনুসারে, বিশ্বব্যাপী মোট বনাঞ্চলের নিরিখে নবম স্থান পেল ভারত, যা বিশ্বব্যাপী পরিবেশ সংরক্ষণে একটি উল্লেখযোগ্য মাইলফলক। এছাড়াও, বার্ষিক বনাঞ্চল বৃদ্ধির ক্ষেত্রে তৃতীয় স্থান অধিকার করেছে ভারত। এই সাফল্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিভিন্ন সরকারি উদ্যোগের সাফল্যকে তুলে ধরে, যার মধ্যে রয়েছে বনায়ন, বন সুরক্ষা ও জনপ্রিয় 'এক পেদ মা কে নাম' প্রচারাভিযান, যা সারা দেশের নাগরিকদের গাছ লাগাতে আর আগামী দিনগুলিকে আরো সবুজ ও পরিষ্কার করে তুলতে অনুপ্রাণিত করছে।

❑ দীর্ঘ ৪ বছর পর আফগান-ই-স্তানের রাজধানী কাবুলের ভারতীয় দূতাবাস আবার খুলে গেল। ২০২১ সালে মার্কিন নেতৃত্বাধীন ন্যাটো বাহিনী প্রত্যাহারের পর, তালিবান ক্ষমতা দখল করলে কাবুলে নিজেদের দূতাবাস বন্ধ করে দেয় ভারত। কিন্তু একবছর পর বাণিজ্য, চিকিৎসা সহায়তা ও মানবিক সহায়তার সুবিধার জন্য একটি ছোট মিশন খোলে। এই উদ্যোগ আফগান-ই-স্তানের সঙ্গে ভারতের প্রথম পূর্ণাঙ্গ কূটনৈতিক পুনঃসম্পর্কের সূচনা। তবে, ভারত এখনও তালিবানকে স্বীকৃতি না দেওয়ায়, ওই দূতাবাসের প্রধান কূটনীতিবিদের পদমর্যাদা হবে 'চার্জ দ্য অ্যাফেয়ার্স'। এই পদে নিযুক্ত হয়েছেন করণ যাদব।

❑ ২০২৬ সালে মিলানো কর্টিনা শীতকালীন অলিম্পিক'এর জন্য মশাল বহনকারী হিসাবে নির্বাচিত হলেন ভারতের প্রথম ব্যক্তিগত অলিম্পিক স্বর্ণপদক বিজয়ী শ্যুটার অভিনব বিন্দ্রা।

**২২ অক্টোবর :** জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন সানা তাকাইচি।

❑ আনুষ্ঠানিকভাবে 'ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজার্ভেশন অফ নেচার'এর ৯০ তম সদস্য দেশ হিসাবে যোগ দিল তুভালু। এই পদক্ষেপটি দ্বীপরাষ্ট্রটির পরিবেশগত শাসন ও সংরক্ষণ প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে চিহ্নিত। আইইউসিএন'এ যোগদানের মাধ্যমে সরকার, এনজিও ও সংরক্ষণবিদদের সমন্বয়ে গঠিত একটি বিশ্বব্যাপী নেটওয়ার্কের অংশ হয়ে উঠবে এই দ্বীপরাষ্ট্রটি। এর ফলে আন্তর্জাতিক পরিবেশগত নীতিতে অবদান রাখতে পারবে দেশটি।

❑ কর্ণাটকের প্রথম রূপান্তরকামী ব্যক্তিত্ব হিসাবে, ভারতীয় সুপ্রিম কোর্ট'এর মাধ্যমে গঠিত কমিটির সদস্য হিসাবে নিযুক্ত হয়ে ইতিহাস গড়লেন রূপান্তরকামী অধিকার কর্মী আক্কাই পদ্মশালী। সেইসঙ্গে এটিই হল প্রথম সুপ্রিম কোর্ট'এর মাধ্যমে নিযুক্ত কমিটি, যেখানে রূপান্তরকামী সম্প্রদায়ের প্রতিনিধিত্ব রয়েছে। রূপান্তরকামী ব্যক্তিদের সুরক্ষা ও তাঁদের অগ্রগতির জন্য সমান সুযোগ নীতি প্রণয়নের জন্য এই কমিটি গঠন করা হয়েছে। এই প্যানেলের সভাপতিত্বের দায়িত্বে রয়েছেন বিচারপতি আশা মেনন।

❑ প্রথম দেশীয় অ্যান্টিবায়োটিক 'নাফিথ্রোমাইসিন' তৈরি করল ভারত। ওষুধ কোম্পানি 'Wockhardt'এর সহযোগিতায় এটি তৈরি করেছে ডিপার্টমেন্ট অফ বায়োটেকনোলজি। 'মিকনাফ' নামে বাণিজ্যিকভাবে বিক্রি হবে এই অ্যান্টিবায়োটিকটি। এটি পুরোপুরিভাবে ভারতের ধারণা, ভারতেই তৈরি হওয়া ও ক্লিনিক্যালি বৈধতাপ্রাপ্ত প্রথম অণু, যা ওষুধ খাতে স্বনির্ভরতার দিকে একটি উল্লেখযোগ্য অগ্রগতি। এটি শ্বাসযন্ত্রের সংক্রমণের বিরুদ্ধে কার্যকর। বিশেষ করে ক্যান্সার রোগীদের ও দুর্বলভাবে নিয়ন্ত্রণে থাকা ডায়াবেটিস রোগীদের জন্য অত্যন্ত কার্যকর এটি।

**২৩ অক্টোবর :** প্রায় ৭ দশকের পুরনো 'কাফালা' প্রথা বাতিল করল সৌদি আরব, যা মূলত একটি আধুনিক দাস ব্যবস্থা। এর সুবিধা পাবেন কয়েক লাখ ভারতীয়ও। এতদিন ধরে এই প্রথা কয়েক লাখ বিদেশি কর্মীর জীবনকে নিয়ন্ত্রণ করছিল। এটি একটি আইনি কাঠামো, যা উপসাগরীয় সহযোগিতা পরিষদ ভুক্ত রাষ্ট্রগুলিতে অভিবাসী শ্রমিকদের চাকরি ও বসবাসের বিষয়টি নিয়ন্ত্রণ করত। ১৯৫০'এর দশকে শুরু হওয়া এই ব্যবস্থাটি প্রাথমিকভাবে উপসাগরীয় তেলের উত্থানের সময় বিদেশি শ্রমিকদের আগমন নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছিল। এই মডেলের অধীনে, প্রতিটি শ্রমিককে একজন স্থানীয় স্পন্সর বা কাফালের সঙ্গে আবদ্ধ করা হত, যিনি সৌদি আরবে তাঁর বসবাস, কর্মসংস্থান ও আইনি অবস্থা নিয়ন্ত্রণ করতেন।

❑ ১ নভেম্বর, ভারতের প্রথম রাজ্য হিসাবে চরম দারিদ্র্যমুক্ত হিসাবে ঘোষিত হল কেরল, যা সামাজিক উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। ওইদিন তিরুবনন্তপুরমের সেন্ট্রাল স্টেডিয়ামে এক অনুষ্ঠানে এই ঘোষণা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। ২০২১ সালে চরম দারিদ্র্য বিমোচন কর্মসূচি চালু করা হয়েছিল। এই কর্মসূচির লক্ষ্য ছিল, তীব্র অর্থনৈতিক সংকটে বসবাসকারী পরিবারগুলিকে চিহ্নিত করা ও তাদের উন্নতি করা, আবাসন, খাদ্য, স্বাস্থ্য ও আয় সহায়তার জন্য রাজ্য ও স্থানীয় সম্পদ একত্রিত করা আর কর্মসংস্থান, শিক্ষা ও সম্পদ সৃষ্টির মাধ্যমে দীর্ঘমেয়াদী পুনর্বাসনের ব্যবস্থা করা।

**২৪ অক্টোবর :** তাইল্যান্ডের প্রাক্তন রানি ও এখনকার রাজা মহা ভাজিরালংকর্নের মা সিরিকিত কিতিয়াকারা (৯৩ বছর) মারা গেলেন।

ভারতের ৫৩ তম প্রধান বিচারপতি নিযুক্ত হলেন সূর্য কান্ত।



❑ ভারতীয় বিজ্ঞাপন জগতের কিংবদন্তি ব্যক্তিত্ব পীযূষ পাণ্ডে (৭০ বছর) মারা গেলেন।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের 'স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়' ও 'এলসেভিয়ার পাব্লিশার্স'এর সহায়তায় যৌথভাবে প্রকাশিত, বিশ্বের শীর্ষ ২% বিজ্ঞানীর তালিকায় স্থান পেলেন তামিলনাড়ুর নীলগিরির বিজ্ঞানী ড.অশোককুমার বীরমুথু। এই নিয়ে টানা তৃতীয় বছর (২০২৩, ২০২৪ ও ২০২৫) এই তালিকায় স্থান পেলেন তিনি, যা বিশ্বের সবথেকে সম্মানিত বৈজ্ঞানিক র‍্যাঙ্কিংগুলির মধ্যে একটি। ড.অশোককুমার'এর গবেষণার মূলে রয়েছে, বর্জ্য ব্যবস্থাপনা ও দূষণ কমানোর আরও ভালো উপায় খুঁজে বের করা।

❑ নাইজেরিয়া সরকারের সঙ্গে অংশীদারিত্বে, নাইজেরিয়ায় প্রথম আইআইটি ক্যাম্পাস প্রতিষ্ঠা করছে কেন্দ্রীয় সরকার, যা শিক্ষার ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। তাঞ্জানিয়ায়, আইআইটি মাদ্রাজ-জাঞ্জিবার প্রতিষ্ঠার (২০২৩ সাল) পর, এটি আফ্রিকার দ্বিতীয় আইআইটি ক্যাম্পাস। দেশটির নাইজার রাজ্যের সুলেজায় অবস্থিত 'ফেডারেল গভর্নমেন্ট আকাদেমি'তে ('নাইজেরিয়ান আকাদেমি ফর দ্য গিফটেড' নামেও পরিচিত) এই ক্যাম্পাসটি প্রতিষ্ঠিত হবে বলে মনে করা হচ্ছে। এই উদ্যোগের লক্ষ্য হল, নাইজেরিয়ায় বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন-চালিত উন্নয়ন।

❑ ইউরোপীয় ইউনিয়নের সর্বোচ্চ মানবাধিকার পুরস্কার 'শাখারভ পুরস্কার'এ সম্মানিত হলেন বেলারুশের সাংবাদিক আন্দ্রেজ পচোবুত আর জর্জিয়ার সাংবাদিক মজিয়া আমাগ্লোবেলি। দু'জন সাংবাদিকই এই মুহূর্তে নিজেদের দেশে কারাবন্দি। অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার হওয়ায় এবছর এই সম্মান পেলেন তাঁরা। আন্দ্রেজ পচোবুত হলেন পোল্যান্ডের গাজেতা ভিবোর্জা'র প্রতিনিধি। ২০২৩ সালের ফেব্রুয়ারিতে ৮ বছরের কারাদণ্ড হয় তাঁর। অন্যদিকে, আমাগ্লোবেলি'কে ২০২৫ সালের আগস্টে ২ বছরের কারাদণ্ড দেওয়া হয়।

❑ ২০২৫ সালে বাহরাইনে, 'এশিয়ান যুব গেমস'এ কাবাডিতে ডাবল সোনার পদক জিতল ভারত। পুরো টুর্নামেন্ট জুড়ে অনূর্ধ্ব-১৮ ছেলে ও মেয়েদের দল উভয়ই অপরাজিত ছিল। মেয়েদের দল ফাইনালে ইরানকে ৭৫-২১ ব্যবধানে হারায়। অন্যদিকে, ছেলেদের দল ইরানকে ৩৫-৩২ ব্যবধানে ব্যবধানে হারায়।

**২৫ অক্টোবর :** ২০২৫ সালে 'ব্রিটিশ আকাদেমি বই পুরস্কার' পেলেন ভারতীয় বংশোদ্ভূত ইতিহাসবিদ তথা 'ইয়েল বিশ্ববিদ্যালয়'এর ইতিহাসের অধ্যাপক সুনীল অমৃত। তাঁর বই 'Burning Earth: An Environmental History of the Last 500 Years'এর জন্য এই পুরস্কার পেলেন তিনি। প্রতি বছর এমন একটি নন-ফিকশন বইকে এই পুরস্কার দেওয়া হয়, যা বিশ্ব ইতিহাস, সংস্কৃতি ও সমাজের গভীর ধারণা প্রদান করে। এই পুরস্কারের অর্থমূল্য ২৫,০০০ পাউন্ড (প্রায় ২৬ লাখ টাকা)।

❑ বলিউড অভিনেতা সতীশ শাহ (৭৪ বছর) মারা গেলেন। প্রায় চার দশকেরও বেশি সময় জুড়ে অভিনয় জীবনে 'ইয়ে জো হ্যায় জিন্দেগি', 'ম্যায়নে পেয়ার কিয়া', 'জব উই মেট', 'কাল হো না হো'-সহ অসংখ্য জনপ্রিয় চলচ্চিত্র ও ধারাবাহিকে দর্শকের মন জয় করেছেন তিনি।

**২৬ অক্টোবর :** 'প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান'এ অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, ভারতের রাষ্ট্রপতির কাছ থেকে পুরস্কৃত হলেন কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রকের সচিব অনিল মালিক। এই কর্মসূচির অধীনে, বিশেষভাবে দুর্বল উপজাতি গোষ্ঠী এলাকায় ২,০০০টিরও বেশি অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা হয়েছে। এই কর্মসূচির লক্ষ্য হল, উপজাতি সম্প্রদায়ের জন্য পুষ্টি, শিক্ষা আর শিশু যত্ন পরিষেবা উন্নত করা।

❑ ক্রিপ্টোকারেন্সিকে ভারতীয় আইনের অধীনে 'সম্পত্তি' হিসাবে গণ্য করা যেতে পারে বলে রায় দিল 'মাদ্রাজ হাই কোর্ট', যা ব্যক্তির মালিকানায় থাকতে পারে ও ট্রাস্টের মাধ্যমে রক্ষণাবেক্ষণ করা যায়। বিচারপতি এন.আনন্দ ভেঙ্কটেশ এই রায়টি দিয়েছেন। এই রায়টি ভারতে ডিজিটাল সম্পদকে আইনি স্বীকৃতি দেওয়ার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে চিহ্নিত হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, এই মামলাটি একজন বিনিয়োগকারীর দায়ের করা আবেদনের সঙ্গে সম্পর্কিত, যিনি ২০২৪ সালের জানুয়ারিতে 'WazirX' প্ল্যাটফর্মে তাঁর হোল্ডিংস কিনেছিলেন। আবেদনকারী ২০২৪ সালে জানমাই ল্যাবস'এর মাধ্যমে পরিচালিত 'WazirX'এর মাধ্যমে প্রায় ১,৯৮,৫১৬ টাকা মূল্যের ৩,৫৩২.৩০টি 'XRP' কয়েন কিনেছিলেন। ওই বছরেরই জুলাইয়ে 'WazirX' ঘোষণা করে যে তাদের কোল্ড ওয়ালেট হ্যাক হয়েছে, যার ফলে প্রায় ২৩০ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের ইথেরিয়াম ও ERC-20 টোকেনের ক্ষতি হয়েছে।

❑ এবছরের ডিসেম্বর থেকে, অন্যান্য রাজ্য থেকে রাজ্যে প্রবেশকারী যানবাহন থেকে সবুজ কর আদায় শুরু করবে উত্তরাখণ্ড। রাজ্য পরিবহণ বিভাগের নেতৃত্বাধীন এই উদ্যোগের লক্ষ্য হল, যানবাহন দূষণ নিয়ন্ত্রণ করা, হিমালয়ের ভঙ্গুর বাস্তুতন্ত্র রক্ষা করা আর রাজ্য জুড়ে পরিবেশগত পরিচ্ছন্নতা প্রচার করা। এই কর সংগ্রহ প্রক্রিয়াটি হবে পুরোপুরি স্বয়ংক্রিয়। এজন্য রাজ্য সীমান্ত বরাবর ৩৭টি প্রবেশপথে 'অটোমেটিক নাম্বার প্লেট রিকগনিশন' ক্যামেরা ব্যবহার করা হবে। এইসব ক্যামেরা যানবাহনের রেজিস্ট্রেশন নম্বরগুলির ছবি তুলবে আর রাজ্য পরিবহণ বিভাগের মাধ্যমে নিযুক্ত একজন ভেন্ডরের কাছে তথ্য পাঠাবে। সেখান থেকে সংগৃহীত তথ্য 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া' ডাটাবেসে পাঠানো হবে, যেখানে যাচাইয়ের পর প্রযোজ্য করের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে গাড়ির মালিকের পেমেন্ট ওয়ালেট থেকে কেটে রাজ্য পরিবহণ বিভাগের অ্যাকাউন্টে জমা হবে।

❑ বিশ্বের দ্রুততম উচ্চগতির বুলেট ট্রেন 'সিআর৪৫০'এর প্রোটোটাইপের পরীক্ষামূলক পরিচালনা শুরু করল চিন। সাংহাই থেকে চেংদু পর্যন্ত হাই-স্পিড রেল লাইনে পরীক্ষামূলকভাবে চালানো হয়েছে ট্রেনটি। চালানোর সময় ঘন্টায় ৪৫৩ কিলোমিটার গতিতে পৌঁছেছে ট্রেনটি। রিপোর্ট অনুযায়ী, 'সিআর৪৫০' ট্রেনটিকে পরীক্ষার জন্য ঘন্টায় ৪৫০ কিলোমিটার পর্যন্ত গতির জন্য নকশা করা হয়েছে। যদিও, নিয়মিত বাণিজ্যিক পরিষেবা চলার সময় এটি ঘন্টায় ৪০০ কিলোমিটার গতিতে ছুটবে। মাত্র ৪ মিনিট ৪০ সেকেন্ডে শূন্য থেকে ঘন্টায় ৩৫০ কিলোমিটার গতিতে পৌঁছাতে পারে ট্রেনটি। পরীক্ষার সময় দু'টি 'সিআর৪৫০' ট্রেন একে অন্যকে অতিক্রম করে যায় আর সেই মুহূর্তে তাদের মিলিত গতি দাঁড়ায় ঘন্টায় ৮৯৬ কিলোমিটার, যা এক অবিশ্বাস্য রেকর্ড। ট্রেনটি তৈরি করেছে 'সিআরআরসি কর্পোরেশন লিমিটেড'। ট্রেনটিতে ব্যবহৃত হয়েছে ওয়াটার-কুলড পার্মানেন্ট ম্যাগনেট ট্র্যাকশন সিস্টেম, নতুন প্রজন্মের উচ্চ স্থিতিশীলতা বগি আর একাধিক উদ্ভাবনী সিস্টেম। যার ফলে দীর্ঘ সময় উচ্চগতিতে চলাচলেও এটি স্থিতিশীল থাকে।

❑ দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলির জোট 'আসিয়ান'এর ১১ তম সদস্য দেশ হিসাবে অন্তর্ভুক্ত হল পূর্ব তিমুর। আসিয়ান সম্মেলনের উদ্বোধনী দিনে দেশটিকে আনুষ্ঠানিকভাবে এই সদস্যপদ দেওয়া হয়েছে। ১৪ বছর অপেক্ষার পর আসিয়ানের সদস্যপদ পেয়েছে পূর্ব তিমুর। দেশটির কর্তৃপক্ষের আশা, আসিয়ানের সঙ্গে যুক্ত হওয়ায় লাভবান হবে দেশটি। প্রসঙ্গত উল্লেখ্য, পূর্ব তিমোর এশিয়ার অন্যতম গরিব দেশ, যা তিমুর-লেস্তে নামে পরিচিত।

☞ এরপর ১০ পাতায়

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## প্রাইমারি চাকরির

■ *প্রাইমারির ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? প্রথমে কোন জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে? উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের ইন্টারভিউ কবে হবে? — সায়ন্তিকা বসু, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রাইমারি টিচার পদের বাংলা মাধ্যমের স্কুলের দ্বিতীয় ফেজের ইন্টারভিউ / ভাইভা ভোস টেস্ট শুরু হবে কলকাতা, ঝাড়গ্রাম ও জলপাইগুড়ি জেলা দিয়ে। কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৭ ও ২৮ জানুয়ারি। ঝাড়গ্রাম জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৮ ও ২৯ জানুয়ারি। জলপাইগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৯ ও ৩০ জানুয়ারি। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : আচার্য প্রফুল্ল চন্দ্র ভবন, ডি.কে.-৭/১, সেক্টর-।।, সল্ট লেক, কলকাতা - ৯১। অন্যান্য জেলার প্রার্থীদের ইন্টারভিউ কবে হবে তা যথারীতি ওয়েবসাইটে দেওয়া হবে। ইন্টারভিউয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.wbbpeonline. com/ dashboard প্রাথমিক শিক্ষা পর্ষদের ইন্টারভিউ কক্ষ ঢেলে সাজানো হয়েছে। তাই একই দিনে প্রায় ২,৫০০ জন প্রার্থীকে ইন্টারভিউ নেওয়ার মতো পরিকাঠামো তৈরি আছে। কলকাতা জেলায় প্রার্থীর সংখ্যা তুলনামূলকভাবে কম। তাই প্রথমেই কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ আগে নেওয়া হচ্ছে। তবে উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় প্রার্থীর সংখ্যা অনেক বেশি। তাই দুই জেলার প্রার্থীদের ইন্টারভিউ ৩-৪ দিন ধরে হবে। প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, তৃতীয় ফেজের ইন্টারভিউ ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহের শেষে শুরু হতে পারে। তবে কোন জেলায় আগে হবে তা এখনো ঠিক হয়নি।

■ *প্রাইমারি 'টেট'এর জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? 'টেট' পরীক্ষায় কী কী বিষয় থাকে? বয়স কত থাকতে হবে? একবার 'টেট' পাশ করলে তার বৈধতা কতদিন থাকে? — সুপর্ণা মন্ডল, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) / ৪ বছরের বি.এল.এড. কোর্স পাশ হলে / আর.সি.আই. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ১৫০ নম্বরের এই 'টেট'এ থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই 'টেট'এ ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন। একবার 'টেট'এ সফল হলে তার বৈধতা সারাজীবন থাকবে।

■ *এবছর প্রাইমারি 'টেট'এর যে বিজ্ঞপ্তি বেরোবে, তাতে ডি.এল.এড. অ্যাপিয়ার্ড প্রার্থীরা দরখাস্ত করতে পারবে কি? — সুমনা দাস, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। মুকুল দাস, ডানকুনি, হুগলি।*

■■ হ্যাঁ, পারবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? — সায়ন বিশ্বাস, আরামবাগ, হুগলি। গোবিন্দ বাস্কে, পিথাটি, কাঁটাদি, পুরুলিয়া।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে ২০২৪ সালের কনস্টেবল পদের লিখিত পরীক্ষায় সফলদের শারীরিক সক্ষমতার পরীক্ষা বা, শারীরিক মাপজোখের পরীক্ষায় সফলদের ইন্টারভিউ শুরু হবে ২৯ জানুয়ারি থেকে। চলবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ইন্টারভিউ হবে প্রেসিডেন্সি রেঞ্জ, জলপাইগুড়ি রেঞ্জ, মালদহ রেঞ্জ, মুর্শিদাবাদ রেঞ্জ, মেদিনীপুর রেঞ্জ, বর্ধমান রেঞ্জ-সহ প্রায় ১৫টি রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ডের অধীনে। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন ২৪ জানুয়ারি থেকে এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি।

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি পরীক্ষা ২১ ডিসেম্বর হয়েছিল, তার ফল কবে বেরোবে? — পলাশ দাস, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের ২১ ডিসেম্বরের প্রিলিমিনারি পরীক্ষার উত্তরপত্র প্রকাশ করেছে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। এ মাসের মাঝামাঝি নাগাদ প্রিলি. পরীক্ষার ফল বেরোনোর সম্ভাবনা আছে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের যে বিজ্ঞপ্তি এবছর বেরোবে, তাতে একটিই পরীক্ষা হবে না, প্রিলিমিনারি ও মেনস দু'টি পরীক্ষা হবে? — বিশাল খামরুই, কুমারিয়া, রসপুর, হাওড়া।*

■■ না, একটিই পরীক্ষা হবে। তাতে সফল হলে মাঠ পরীক্ষা। তারপর ইন্টারভিউ।

## পি.এস.সি.'র

■ *এবছরে কি ফুডের সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি বেরোবে? — তারক চক্রবর্তী, শিলিগুড়ি।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা কি মার্চে হবে? — রাখি দাস, আমতলা, হাওড়া।*

■■ মার্চে পরীক্ষা হওয়ার সম্ভাবনা কম।

■ *২০২৪ সালের ১৬ ও ১৭ মার্চ ফুডের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা হয়েছিল। তার ফল এখনো বেরোয়নি। কবে বেরোতে পারে? — মৈনাক আড্ডি, ৫এফ, নর্থ নওদাপাড়া রোড, কলকাতা-৫৭।*

■■ এই পদের ওপর আদালতে মামলা চলছে।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিসের একাদশ-দ্বাদশ শ্রেণির মেধা তালিকা বেরিয়েছে। বাংলা বিষয়ে ওয়েটিং তালিকায় ৩০ নম্বরে নাম আছে। আমি কি চাকরি পেতে পারি? — প্রিয়াঙ্কা দত্ত, তারকেশ্বর, হুগলি।*

■■ কেউ মূল প্যানেল থেকে চাকরি করতে না চাইলে তখন তার জায়গায় ওয়েটিং তালিকা থেকে নেওয়া হয়। তাই অপেক্ষা করা ছাড়া কিছু বলা যাবে না।

■ *স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — জয়ন্ত চক্রবর্তী, হুগলি।*

■■ ক্লার্ক পদের পরীক্ষা হবে ১ মার্চ আর গ্রুপ-ডি পদের পরীক্ষা হবে ৮ মার্চ।

## রেলে চাকরির

■ *কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ১/ ২০২৪'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — পার্থ দাস, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in

■ *কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ১/ ২০২৫'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের কম্পিউটার বেসড টেস্ট কবে থেকে শুরু হবে? — রাহুল বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পরীক্ষা হবে ১৬ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত।

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষায় কী কী বিষয়ের প্রশ্ন হয়? বাংলায় প্রশ্ন হয় কি? এই পরীক্ষা কি প্রতি বছর হয়? যোগ্যতা কী লাগে? — সাথী জানা, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট যোগ্যতায় দরখাস্ত নেওয়া হয়। একই প্রার্থী দু'টি স্তরের পরীক্ষা দিতে পারবেন। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হয়। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। আপাতত এই পরীক্ষা প্রতি বছরই নেওয়া হচ্ছে।

## অন্যান্য চাকরির

■ *কে.এম.ডি.এ.'র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার -সিভিল পদের বিজ্ঞপ্তি এবছর ভোটের আগে বেরোবে কি? — গৌতম দাস, বাঁকুড়া।*

■■ আপাতত কোনো খবর নেই।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| রেলের আইসোলেটেড ক্যাটে ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩১১ | ২৯-১-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| বিমানবাহিনীতে এয়ারম্যান | উচ্চমাধ্যমিক | - | ১-২-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ১-২-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক | ৩,৯৭৭ | ফেব্রুয়ারি | https://recruit-gov.com |
| ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস (পাইপ লাইন) | ITI, ডিপ্লোমা | ৩৯৪ | ১০-২-২৬ | https:/plapps.indianoilpipelines.in |
| সেনাবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩৮১ | ৫-২-২৬ | www.joinindianarmy.nic.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | ITI, HS ডিপ্লোমা | ৪০৫ | ৩১-১-২৬ | www.iocl.com |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৬০ | ২৪-২-২৬ | www.joinindiannavy.gov.in |
| ন্যাবার্ডে ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৫৯ | ৩-২-২৬ | www.nabard.org |
| এক্সিম ব্যাঙ্কে ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৪০ | ১-২-২৬ | www.eximbankindia.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিস অ্যাটেন্ড্যান্ট | মাধ্যমিক | ৫৭২ | ৪-২-২৬ | www.rbi.org.in |
| ইউকো ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১৩০ | ২-২-২৬ | www.ucobank.com |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | মার্চ-এপ্রিল | www.wbpsc.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিস-২৬ পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.upsconline.nic.in |
| CTET-2026 পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.ctet.nic.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি ও গ্রুপ-ডি | ১ মার্চ ও ৮ মার্চ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারি থেকে | https://ssc.gov.in |
| SSC-এর মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার 2025 পরীক্ষা | ৪ ফেব্রুয়ারি থেকে | www.ssc.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিস অ্যাটেন্ড্যান্ট | ২৮ ফেব্রুয়ারি, ১ মার্চ | www.rbi.org.in |
| কলকাতা, ঝাড়গ্রাম, জলপাইগুড়ি জেলার প্রাইমারির ইন্টারভিউ | ২৭ জানুয়ারি -৩০ জানুয়ারি | www.wbbpeonline.com |
| WBP কনস্টেবল ইন্টারভিউ | ২৯ জানুয়ারি-১৭ ফেব্রুয়ারি | www.wbpolice.gov.in |

# স্কুল সার্ভিস গ্রুপ ‘ডি’

## স্কুল সার্ভিস গ্রুপ ‘ডি’



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ৪৫ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর, অভিজ্ঞতা / ওরাল ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর। লিখিত পরীক্ষা হবে ৮ মার্চ। ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **বিজয় হালদার।**

**1.** কোন বিজ্ঞানী আপেক্ষিকতাবাদ তত্ত্বের সঙ্গে জড়িত?
(A) নীলস বোর (B) হাইজেনবার্গ (C) আইনস্টাইন (D) মাদাম কুরী

**2.** নীতি আয়োগের সদরদফতর কোথায় অবস্থিত?
(A) লখনউ (B) চণ্ডীগড় (c) গান্ধীনগর (D) নয়া দিল্লি

**3.** ভিটামিন-A'এর ঘাটতির ফলে কোন রোগ হয়?
(A) রাতকানা (B) রিকেট (C) স্কার্ভি (D) চুল পড়া

**4.** রজার ফেডেরার কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) ব্যাডমিন্টন (B) হকি (C) টেনিস (D) ফুটবল

**5.** ‘বিগ-ব্যাং’ থিওরি কোন বিষয় সংক্রান্ত?
(A) ব্রহ্মাণ্ডের সৃষ্টি (B) সূর্যের সৃষ্টি (C) মাধ্যাকর্ষণের সৃষ্টি (D) অণুজীবের সৃষ্টি

**6.** কোন স্তন্যপায়ী ডিম পাড়ে?
(A) ডলফিন (B) হংসচঞ্চু (C) তিমি (D) ডুগং

**7.** রাজ্য সরকারের মন্ত্রীরা কার কাছে যৌথভাবে দায়বদ্ধ থাকেন?
(A) রাজ্যপাল (B) মুখ্যমন্ত্রী (C) বিধানসভা (D) অধ্যক্ষ

**8.** পশ্চিমবঙ্গের কোন জেলায় ‘বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়’ অবস্থিত?
(A) পুরুলিয়া (B) বাঁকুড়া (C) বীরভূম (D) মালদহ

**9.** ‘Playing It My Way’ বইটির লেখক কে?
(A) সুনীল গাভাসকর (B) জি.আর. বিশ্বনাথ (C) শচীন তেন্ডুলকর (D) সৌরভ গঙ্গোপাধ্যায়

**10.** মোহনবাগান ক্লাব ব্রিটিশ দলকে হারিয়েছিল কত সালে?
(A) 1901 (B) 1905 (C) 1910 (D) 1911

**11.** ‘সতীদাহ প্রথা’ নিবারণ করেন কে?
(A) লর্ড কার্জন (B) লর্ড ডালহৌসি (C) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (D) লর্ড ক্যানিং

**12.** বাংলা, বিহার ও ওড়িশার শেষ স্বাধীন নবাব কে ছিলেন?
(A) আলীবর্দী খান (B) মীরজাফর আলী খান (C) মুর্শিদকুলি খান (D) সিরাজ-উদ-দৌলা

**13.** প্লাবন সমভূমিতে গঠিত নবীন পলিমাটিকে কী বলে?
(A) খাদার (B) ভাঙ্গর (C) পডসল (D) সিরোজেম

**14.** ভারতে আউশধান কাটা হয় কোন ঋতুতে?
(A) বর্ষা (B) গ্রীষ্ম (C) শীত (D) বসন্ত

**15.** ‘নারী ও পুরুষ উভয়ের ক্ষেত্রে সমান কাজের জন্য সমান বেতন’ এটি একটি —
(A) রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি (B) শ্রমিক আইনের সংবিধিবদ্ধ ধারা (C) মৌলিক অধিকার (D) কোনোটিই নয়

**16.** কড লিভার তেল কোন খাদ্যগুণে সমৃদ্ধ?
(A) ভিটামিন A ও D (B) ভিটামিন A ও C (C) ভিটামিন A ও B (D) ভিটামিন A ও E

**17.** HIV শনাক্তকরণে ELISA পরীক্ষা করা হয়, কিন্তু HIV সংক্রমণ বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য করা হয় —
(A) সাদার্ন ব্লটিং (B) ওয়েস্টার্ন ব্লটিং (C) ইস্টার্ন ব্লটিং (D) ফিংগার প্রিন্টিং

**18.** কোন ব্রিটিশ শাসক ভারতে পুলিশ প্রশাসনের স্থাপনকর্তা ছিলেন?
(A) লর্ড কর্ণওয়ালিশ (B) লর্ড ওয়েলেসলি (C) লর্ড ডালহৌসি (D) লর্ড বেন্টিঙ্ক

**19.** বাংলার প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
(A) লর্ড ক্লাইভ (B) ওয়ারেন হেস্টিংস (C) লর্ড বেন্টিঙ্ক (D) লর্ড ক্যানিং

**20.** কলকাতায় ‘হিন্দু কলেজ’ প্রতিষ্ঠিত হয় কত সালে?
(A) 1867 (B) 1816 (C) 1917 (D) 1817

**21.** ওড়িয়া : ওড়িশা : : ডোগরি : ?
(A) কর্ণাটক (B) বিহার (C) গুজরাত (D) জম্মু ও কাশ্মীর

**22.** EP, GS, IV, KY, ?
(A) MA (B) MB (C) MC (D) MD

**23.** YQ5, XT12, VX26, SC54, ?
(A) OC90 (B) PM100 (C) OI110 (D) PR120

**24.** বেমানান শব্দটি চিহ্নিত করুন —
(A) ঠাকুরদা (B) পিতা (C) ভাই (D) জামাই

**25.** বেমানান শব্দটি চিহ্নিত করুন —
(A) ঘনক (B) গোলক (C) শঙ্কু (D) বৃত্ত

**26.** সুরেশ এক ব্যক্তিকে দেখিয়ে বলল, ‘আমার কোনো ভাই বা বোন নেই। কিন্তু ওই ব্যক্তির বাবা হল আমার বাবার পুত্র।’ সুরেশের সঙ্গে ওই ব্যক্তির সম্পর্ক কী?
(A) কন্যা (B) পুত্র (C) স্বামী (D) স্ত্রী

**27.**

| কলম-A | কলম-B |
|---|---|
| a. যুক্তিতর্ক | 1. মতের বিনিময় |
| b. বিতর্ক | 2. যুক্তির প্রমাণ |
| c. আলোচনা | 3. মতভেদ প্রকাশ |
| d. তর্ক | 4. শান্তভাবে ব্যাখ্যা |

(A) a-2, b-3, c-4, d-1 (B) a-3, b-2, c-4, d-1 (C) a-1, b-3, c-4, d-2 (D) a-3, b-1, c-2, d-4

**28.** A, B-এর ভাই। B, C-এর কন্যা ও D হল A-এর পিতা। C, D-এর কে হন?
(A) নাতনি (B) স্বামী (C) ঠাকুরদা (D) স্ত্রী

**29.** ‘পৃথিবী সূর্যের চারিদিকে ঘোরে’ — এই প্রস্তাবটি কোন ধরনের?
(A) অনির্দিষ্ট (B) সত্য (C) মিথ্যা (D) সম্ভাব্য

**30.** ‘মুম্বই’ হল ভারতের রাজধানী — এই প্রস্তাবটি হবে —
(A) সত্য (B) মিথ্যা (C) অনির্দিষ্ট (D) শর্তযুক্ত

**31.** হরি একটি ঘড়ি 10% ক্ষতিতে বিক্রি করল। যদি সে আরো 54 টাকা বেশিতে বিক্রি করত, তবে 8% লাভ হত। ঘড়িটির বিক্রয়মূল্য কত টাকা?
(A) 290 (B) 300 (C) 350 (D) 270

**32.** $(4)^{0.5} \times (0.5)^4 \times 2^4$ এর মান হল —
(A) $\frac{1}{4}$ (B) 1 (C) 2 (D) $\frac{1}{8}$

**33.** 14 জন লোক 12 দিনে একটি টিউবওয়েল বসাতে পারে। যদি 8 দিনে টিউবওয়েলটি বসাতে হয়, তবে অতিরিক্ত আর কতজন লোক লাগবে?
(A) 9 (B) 7 (C) 3 (D) 6

**34.** একটি দ্রব্যের ওপর পরপর 10%, 20% ও 30% ছাড়ের সমতুল্য ছাড় হল —
(A) 45.4% (B) 49.6% (C) 52.7% (D) 58.2%

**35.** একটি সংখ্যার 25% ওই সংখ্যার 30% থেকে 15 কম। তবে সংখ্যাটির 20% হবে —
(A) 75 (B) 60 (C) 225 (D) 65

**36.** 30 কিলোমিটার / ঘন্টা বেগে চলমান একটি ট্রেন $\frac{27}{2}$ সেকেন্ডে একটি বিন্দুকে অতিক্রম করলে, ট্রেনটির দৈর্ঘ্য হবে —
(A) 100 মিটার (B) 105.2 মিটার (C) 108.5 মিটার (D) 112.5 মিটার

**37.** 6598-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফলটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(A) 124 (B) 116 (C) 126 (D) 112

**38.** 120টি আপেল ও 135টি কমলালেবু যত বেশি সংখ্যক ছাত্রদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া যাবে, তা হল —
(A) 5 (B) 10 (C) 15 (D) 25

**39.** রাম ও হরির বয়সের অনুপাত 5 : 7, ও তাদের বয়সের পার্থক্য 6 বছর। তাদের বয়সের সমষ্টি কত বছর?
(A) 20 (B) 24 (C) 22 (D) 36

**40.** যদি P : Q = 2 : 3 ও Q : R = 4 : 5 হয়, তাহলে P : Q : R = ?
(A) 8 : 11 : 15 (B) 8 : 12 : 15 (C) 6 : 8 : 11 (D) 2 : 4 : 9

## চটপট উত্তরের কৌশল

**1(C). 2(D). 3(A). 4(C). 5(A). 6(B). 7(C). 8(C). 9(C). 10(D). 11(C). 12(D). 13(A). 14(A). 15(A). 16(A). 17(B). 18(A). 19(B). 20(D). 21(D). 22(B). 23(C).**

**24(D).** জামাই ছাড়া বাকি সবাই রক্তের সম্পর্কযুক্ত। **25(D).** ঘনক, গোলক ও শঙ্কু প্রত্যেকটিই ত্রিমাত্রিক বস্তু, কিন্তু বৃত্ত দ্বিমাত্রিক চিত্র।

**26(B).** সুরেশের বাবার পুত্র = সুরেশ নিজে, কারণ তার কোনো ভাই বা, বোন নেই। ওই ব্যক্তির বাবা = সুরেশের বাবার পুত্র = সুরেশ নিজে। তাহলে ওই ব্যক্তি হল সুরেশের পুত্র।

**27(A). 28(D). 29(B). 30(B).**

**31(D).** মনে করি, ঘড়িটির ক্রয়মূল্য 100x টাকা
প্রথম ক্ষেত্রে, ঘড়িটির বিক্রয়মূল্য 10% ক্ষতিতে বিক্রি করলে $100x \times \frac{90}{100}$ টাকা = 90x টাকা
আবার, দ্বিতীয় ক্ষেত্রে বিক্রয়মূল্য(90x + 54) টাকা
তাহলে $(90x+54) - 100x = 100x \times \frac{80}{100}$
বা, $54 - 10x = 8x$ বা, $-18x = -54$
বা, x = 3
তাহলে ঘড়িটির বিক্রয়মূল্য হল 90x = 90×3 = 270 টাকা।

**32(C).** $(4)^{0.5} \times (0.5)^4 \times 2^4$
$= 4^{\frac{1}{2}} \times \left(\frac{1}{2}\right)^4 \times 2^4$
$= 2 \times \frac{1}{2^4} \times 2^4 = 2$

**33(B).** 12 দিনে 14 জন লোক টিউবওয়েল বসাতে পারে। তাহলে 8 দিনে $\frac{12 \times 14}{8}$ জন = 21 জন লোক টিউবওয়েল বসাতে পারে।
তাহলে অতিরিক্ত লোক (21–14) = 7 জন।

**34(B).** 10% ও 20% ছাড়
$(10+20 - \frac{10 \times 20}{100})\%$
=(58–8.4)% = 49.6%

**35(B).** মনে করি সংখ্যাটি হল x.
তাহলে x × 30% – x × 25% = 15
বা, $x \times \frac{30}{100} - x \times \frac{25}{100} = 15$
বা, $x \times \frac{3}{10} - x \times \frac{1}{4} = 15$
বা, $\frac{3x}{10} - \frac{x}{4} = 15$
বা, $\frac{6x - 5x}{20} = 15$
বা, x = 15 × 20 বা, x = 300
তাহলে সংখ্যাটির 20% = $300 \times \frac{20}{100}$

**36(D).** 30 কিলোমিটার / ঘন্টা = $30 \times \frac{5}{18}$ মি / সে.
তাহলে ট্রেনটির দৈর্ঘ্য $30 \times \frac{5}{18} \times \frac{27}{5}$ মিটার
= 112.5 মিটার।

**37(C).** 126 যোগ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে।

**38(C).**
5 | 120, 135
3 | 24, 27
8, 9
তাহলে ছাত্রের সংখ্যা 5 × 3 = 15

**39(D).** মনে করি, রাম ও হরির বয়স যথাক্রমে 5x ও 7x বছর।
7x – 5x = 6
বা, 2x = 6 বা, x = 3
তাহলে বয়সের সমষ্টি (5x + 7x) বছর = 12x বছর = 12 × 3 = 36 বছর।

**40(B)**

| P | Q | R |
|---|---|---|
| 2 | 3 | 3 |
| 4 | 4 | 5 |
| 8 : | 12 : | 15 |

## ‘কনস্টেবল’ পদের ইন্টারভিউ

১ পাতার পর

প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি।

প্রসঙ্গত উল্লেখ্য, পশ্চিমবঙ্গ পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের পরীক্ষা হয়েছিল গত বছর ৩০ নভেম্বর। ১১,৭৪৯টি শূন্যপদের জন্য ৬০,১৭০ জন প্রার্থীকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হয়েছিল।

লিখিত পরীক্ষায় কাট অফ নম্বর হয়েছে ছেলেদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৪৮.৫০, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ভি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ৪২, ই.ডব্লু.এস. ২৮, ই.ডব্লু.এস. (ই.সি.) ২১.৫০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ৩৯.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ৩২.৭৫, তপশিলী উপজাতি ৩২.৫০, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ২৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৪১.৫০, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ৩৫, ও.বি.সি.-বি ৪১.২৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ৩৪.৭৫।

মেয়েদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৩৬, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ভি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ২৯.৫, ই.ডব্লু.এস. ১২, ই.ডব্লু.এস. (ই.সি.) ১০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ২৬.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ১৯.৭৫, তপশিলী উপজাতি ২৭.২৫, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ২০.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২৪.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ১৮.২৫, ও.বি.সি.-বি ২৭, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ২১.২৫।

## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৭ পাতার পর

**২৭ অক্টোবর :** আয়ারল্যান্ডের দশম প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন ক্যাথেরিন কনোলি।

□ বিশ্বে প্রথমবারের মতো ইয়েন মানের স্টেবলকয়েন চালু করল জাপান। জাপানি মুদ্রা 'ইয়েন'এর সঙ্গে মান স্থির থাকা স্টেবলকয়েন চালু করেছে দেশটি। স্টেবলকয়েন হল এক ধরনের ডিজিটাল মুদ্রা, যা কোনো প্রচলিত ব্যাঙ্ক মুদ্রার (এক্ষেত্রে 'ইয়েন') মানের সঙ্গে যুক্ত থাকে। জাপানের একটি স্টার্টআপ 'জেপিওয়াইসি' এই ডিজিটাল মুদ্রাটি তৈরি করেছে। মুদ্রাটির নামও 'জেপিওয়াইসি'। এসব স্টেবলকয়েন পুরোপুরি 'ইয়েন'এ পরিবর্তন করা যাবে। অর্থাৎ, গ্রাহকরা চাইলে মুদ্রাটি সহজেই 'ইয়েন'এ বদলাতে পারবেন। পাশাপাশি মুদ্রাটির মান নিশ্চিত করা হয়েছে দেশীয় সঞ্চয় ও জাপানের সরকারি বন্ড বা জেজিবিএস-এর মাধ্যমে। ফলে মুদ্রাটি নিরাপদ ও স্থিতিশীল।

□ সফলভাবে পারমাণবিক শক্তিচালিত 'বুরেভেস্টনিক' ক্রুজ ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালালো রাশিয়া। ২১ অক্টোবর এই পরীক্ষা চালানো হয়। এ সময় ক্ষেপণাস্ত্রটি ১৪,০০০ কিলোমিটার (৮ হাজার ৭০০ মাইল) দূরত্ব অতিক্রম করেছে ও প্রায় ১৫ ঘন্টা ধরে আকাশে উড়েছে। দেশটির দাবি, এই ক্ষেপণাস্ত্র যেকোনো প্রতিরক্ষা ব্যবস্থাকে ফাঁকি দিতে সক্ষম।

□ ভারতের একমাত্র সক্রিয় আগ্নেয়গিরি 'ব্যারেন' দ্বীপে ভ্রমণের জন্য বিশেষ ক্রুজ পরিষেবা চালু করল আন্দামান ও নিকোবর প্রশাসন। পোর্ট ব্লেয়ার থেকে প্রায় ১৩৮-১৪০ কিলোমিটার উত্তর-পূর্বে অবস্থিত দ্বীপটি এখন পর্যটকদের জন্য খুলে দেওয়া হয়েছে। যাত্রীবাহী জাহাজ 'সিন্ধু' ২৫ অক্টোবর সফলভাবে প্রথম যাত্রা শুরু করেছে। জাহাজটি পোর্ট ব্লেয়ার থেকে কয়েকজন পর্যটক ও স্কুল পড়ুয়াদের নিয়ে ব্যারেন দ্বীপে গিয়েছিল ও সফলভাবে ফিরে এসেছিল। ক্রুজ ছাড়বে পোর্ট ব্লেয়ারের হ্যাডো জেটি থেকে। ১ সপ্তাহ অন্তর প্রতি শুক্রবার রাতে ছাড়বে এই ক্রুজ। ভাড়া ৩,১৮০ টাকা থেকে ৮,৩১০ টাকা। ভারতীয় নাগরিকরা আন্দামান পর্যটন বিভাগের ওয়েবসাইট থেকে সরাসরি বুকিং করতে পারবেন। তবে বিদেশি নাগরিকদের জন্য অনুমতি নেওয়া বাধ্যতামূলক।

**২৮ অক্টোবর :** টানা অষ্টমবারের মেয়াদে ক্যামেরুনের প্রেসিডেন্ট হিসাবে পুনর্নির্বাচিত হলেন ৯২ বছর বয়সি পল বিয়া। এই জয়ের ফলে, ২০২৫ সালের হিসাবে বিশ্বের সবথেকে বয়স্ক রাষ্ট্রপ্রধান এখন তিনি।

□ বিদেশি নির্ভরতা কমাতে এবার দেশেই যাত্রীবাহী বিমান তৈরির সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। সেই লক্ষ্যে রাশিয়ার প্রতিরক্ষা সংস্থা 'ইউনাইটেড এয়ারক্র্যাফট কর্পোরেশন'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল ভারতীয় সংস্থা 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড'। এর ফলে ভারতে তৈরি হতে চলেছে মাঝারি মাপের যাত্রীবাহী বিমান 'এসজে-১০০', যার স্বত্ব পেয়েছে হ্যাল। দুই ইঞ্জিন বিশিষ্ট এই বিমানের ব্যাপক চাহিদা রয়েছে সারা বিশ্বে। এখনও পর্যন্ত ২০০টিরও বেশি 'এসজে-১০০' বিমান তৈরি হয়েছে। ১৬টিরও বেশি উড়ান সংস্থা এই বিমান ব্যবহার করে।

□ কুয়ালালামপুরে, ২০ তম 'পূর্ব এশিয়া সম্মেলন' অনুষ্ঠিত হল, যেখানে কুয়ালালামপুর ঘোষণাপত্র গৃহীত হয়েছে। ঘোষণাপত্রটিতে ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি, স্থিতিশীলতা ও সহযোগিতার প্রতি অঙ্গীকারের কথা বলা হয়েছে। এছাড়াও, ঘোষণাপত্রটিতে আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে শক্তিশালী অংশীদারিত্বের ওপর জোর দেওয়া হয়েছে। এটি আঞ্চলিক উন্নয়ন, নিরাপত্তা নীতি, দুর্যোগ ব্যবস্থাপনা ও আঞ্চলিক স্থাপত্য আলোচনার ক্ষেত্রে তথ্য বিনিময়ের গুরুত্বও তুলে ধরে।

□ রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী কল্যাণ সিং'এর সম্মানে, 'কল্যাণ সিং নগর' নামে একটি নতুন জেলা তৈরির ঘোষণা করল উত্তর প্রদেশ সরকার। এটি হবে উত্তর প্রদেশের ৭৬ তম জেলা। আলিগড় ও বুলন্দশহর জেলাকে ভেঙে এই নতুন জেলা গঠনের প্রক্রিয়া শুরু করা হয়েছে। নতুন জেলায় আলিগড়ের আত্রৌলি (কল্যাণ সিংয়ের জন্মস্থান) ও গাঙ্গিরি তহসিল আর বুলন্দশহরের দিবাই তহসিল অন্তর্ভুক্ত হওয়ার কথা রয়েছে।

'নাইটহুড' খেতাব পেলেন ইংল্যান্ডের সর্বকালের সর্বোচ্চ উইকেটশিকারি জেমস অ্যান্ডারসন।



উইন্ডসর ক্যাসেলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রিন্সেস অ্যানের কাছ থেকে এই সম্মান নেন তিনি। ২২ বছর ধরে ইংল্যান্ডের জার্সিতে ক্রিকেট খেলার স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। ২২ বছরের কেরিয়ারে ইংল্যান্ডের হয়ে ১৮৮ টেস্টে ৭০৪ উইকেট নিয়েছেন তিনি।

□ 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ, পুরুষদের ফ্রিস্টাইল ৬৫ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের সুজিত কালকাল। উজবেক-ই-স্তানের উমিদজন জালোলভ'কে ১০-০ ব্যবধানে হারিয়ে এই খেতাব অর্জন করলেন তিনি। এটি সুজিত'এর প্রথম বিশ্ব খেতাব।

□ ২০২৫ সালে 'ইউরোপীয় দাবা ক্লাব কাপ'এ ব্যক্তিগত সোনার পদক জিতে ইতিহাস গড়লেন ভারতীয় দাবাড়ু ডি.গুকেশ ও দিব্যা দেশমুখ। ডি.গুকেশ সুপার চেস দলের হয়ে ও দিব্যা দেশমুখ সেরকেল ডি'চেকস ডি মন্টে-কার্লোর হয়ে খেলে এই চ্যাম্পিয়নশিপ জিতেছেন।

**২৯ অক্টোবর :** দক্ষিণ কোরিয়ার সর্বোচ্চ জাতীয় সম্মান 'অর্ডার অফ মুগুংওয়া' পেলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেইসঙ্গে একটি সোনার মুকুটও উপহার দেওয়া হয়েছে তাঁকে। মুকুটটি প্রাচীন সিল্লা রাজাদের পরিধেয় রাজমুকুটের একটি প্রতিরূপ। কিয়ংজুতে আয়োজিত এক নৈশভোজে, দেশটির প্রেসিডেন্ট লি জে মিয়ং এই সম্মান দেন ট্রাম্পকে। এই উপহার দুই দেশের শান্তিপূর্ণ সহাবস্থান ও যৌথ উন্নয়নের নতুন যুগের প্রতীক হিসাবে বেছে নেওয়া হয়েছে।

□ জলবায়ু ও মহাকাশ প্রযুক্তির ক্ষেত্রে একটি যুগান্তকারী পদক্ষেপ হিসাবে, 'ফেইলিন কনস্টেলেশন' নামে একটি প্রকল্প ঘোষণা করল হংকংয়ের স্টার্টআপ 'স্টেলেরাস টেকনোলজি'। এটি হল বিশ্বের প্রথম স্যাটেলাইট নেটওয়ার্ক, যা ৩ডি বায়ু তথ্য ধারণ করবে। প্রাচীন চিনা বায়ু দেবতা ফেইলিয়ানের নামানুসারে এই উচ্চাভিলাষী প্রকল্পটির নামকরণ করা হয়েছে, যা বিশ্বব্যাপী বায়ুমণ্ডলীয় গতিবিদ্যা বোঝার পদ্ধতিতে বিপ্লব ঘটাবে বলে মনে করা হচ্ছে। এই প্রযুক্তি পুনর্নবীকরণযোগ্য শক্তি, বিমান নিরাপত্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও বিমা মডেলিংয়ের মতো ক্ষেত্রগুলিতে সুদূরপ্রসারী প্রভাব ফেলবে।

□ দেশের প্রথম রাষ্ট্রপ্রধান হিসাবে রাফাল যুদ্ধবিমানে সওয়ার হয়ে ইতিহাস গড়লেন দ্রৌপদী মুর্মু। এদিন হরিয়ানার আম্বালা বিমান ঘাঁটিতে এই ঘটনাটি ঘটেছে। সেখানে 'গার্ড অফ অনার' দেওয়া হয় তাঁকে। এরপরই ভারতীয় বিমান বাহিনীর রাফাল যুদ্ধবিমানে একটি সর্টি উড়ানে অংশ নেন তিনি। বিমানের ভিতরে বসে হাত নেড়ে অভিবাদন জানাতে দেখা যায় তাঁকে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ২০২৩ সালের এপ্রিলে অসমের তেজপুরের বায়ুসেনা ঘাঁটি থেকে 'সুখোই-৩০ এমকেআই' যুদ্ধবিমানে সওয়ার হয়েছিলেন দ্রৌপদী মুর্মু।

□ একটি অনন্য মাইলফলক অর্জন করল 'দিল্লি মেট্রো রেল কর্পোরেশন'। 'দিল্লি মেট্রো রেল কর্পোরেশন'কে ২০২৫ সালে মর্যাদাপূর্ণ 'আইসিআই পুরস্কার'এর জন্য নির্বাচন করল চেন্নাইয়ের 'ইন্ডিয়ান কংক্রিট ইনস্টিটিউট'। 'দেশের সেরা প্রেস্ট্রেসড কংক্রিট স্ট্রাকচার অ্যাওয়ার্ড' বিভাগে, দিল্লি মেট্রোর মৌজপুর -মজলিস পার্ক করিডোরকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ডিসেম্বরে, হায়দরাবাদে ডিএমআরসি'কে আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, মৌজপুর -মজলিস পার্ক করিডোরটি দিল্লি মেট্রোর চতুর্থ পর্যায়ের সম্প্রসারণের একটি গুরুত্বপূর্ণ অংশ।

□ দোকান ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে ১৪ বছরের কম বয়সি শিশুদের নিয়োগ নিষিদ্ধ করে একটি নীতিগত সংস্কার চালু করল রাজস্থান সরকার। শিশুদের অধিকার রক্ষা আর শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টিতে তাদের প্রবেশাধিকার উন্নত করার লক্ষ্যে, রাজস্থান দোকান ও বাণিজ্যিক প্রতিষ্ঠান (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ অনুমোদন করেছেন মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা। এই নতুন অনুমোদিত অধ্যাদেশ অনুসারে, রাজ্য জুড়ে যেকোনো দোকান বা ব্যবসায়িক প্রতিষ্ঠানে ১৪ বছরের কম বয়সি শিশুদের নিয়োগ করা অবৈধ। এছাড়াও, এই অধ্যাদেশে শিক্ষানবিশদের জন্য ন্যূনতম বয়স ১২ বছর থেকে বাড়িয়ে ১৪ বছর করা হয়েছে।

□ সার্বিয়ায়, 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ফ্রিস্টাইল ৬৫ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের সুজিত কালকাল। উজবেক-ই-স্তানের উমিদজন জালোলভ'কে ১০-০ ব্যবধানে হারিয়ে এই খেতাব পান তিনি। এটি কালকাল'এর প্রথম বিশ্ব শিরোপা।

□ ২০২৫ সালে বাহরাইনে, 'এশিয়ান যুব গেমস'এ সাঁতারে ৪০০ মিটার ফ্রিস্টাইলে একটি নতুন জাতীয় রেকর্ড গড়লেন ভারতের ধিনিধি দেশিংহু। নিজের ৪ মিনিট ২৪.৬০ সেকেন্ডের রেকর্ড ভেঙে, ৪ মিনিট ২১.৮৬ সেকেন্ড সময় নিয়ে ফাইনালে পঞ্চম স্থান অধিকার করেন তিনি।

**৩০ অক্টোবর :** 'আইআইএফএল হোম ফিনান্স'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন গিরিশ কৌসগি।

□ 'সেন্ট্রাল ইলেক্ট্রনিক্স লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন শঙ্কর নারায়ণ।

□ ২০২৫ সালে 'দাদাসাহেব ফালকে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ পুরস্কৃত হলেন বলিউড অভিনেতা বিবেক ওবেরয়। 'ইন্ডিয়ান পুলিশ ফোর্স' ওয়েব সিরিজে অভিনয়ের জন্য 'সেরা সহ অভিনেতার (পুরুষ)' পুরস্কার পেলেন তিনি। মুম্বইয়ের ওরলিতে এই পুরস্কার দেওয়া হয়েছে।

□ 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্ত প্রখ্যাত ভারতীয় শেফ সঞ্জীব কাপুর'কে, ২০২৫ সালে 'শীর্ষ কৃষি-খাদ্য অগ্রদূত'দের একজন হিসাবে সম্মানিত করল 'ওয়ার্ল্ড ফুড প্রাইজ ফাউন্ডেশন'। স্বাস্থ্যকর ও টেকসই খাদ্যাভ্যাসের প্রচার, ভারতীয় কৃষিকে সমর্থন আর স্থানীয় ও পুষ্টিকর উপাদানের ব্যবহারকে উৎসাহিত করার ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি এটি। এই সম্মান ভারতের কৃষক ও রন্ধনসম্পর্কীয় ঐতিহ্যের প্রতি উৎসর্গ করেন তিনি। ফাউন্ডেশনের প্রোফাইল অনুসারে, স্কুলপড়ুয়াদের কাছে ২.৫ মিলিয়নেরও বেশি পুষ্টিকর খাবার সরবরাহ করতে সাহায্য করেছেন আর লোহা সমৃদ্ধ মুক্ত বাজরা ও দস্তা সমৃদ্ধ গমের মতো জৈব-সুরক্ষিত ফসলের প্রচার করেছেন সঞ্জীব কাপুর।

□ ২০২৬ সালকে 'ভারত-আসিয়ান সামুদ্রিক সহযোগিতার বছর' হিসাবে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই ঘোষণা আসিয়ান ব্লকের সঙ্গে ভারতের সামুদ্রিক, নিরাপত্তা, অর্থনৈতিক ও সাংস্কৃতিক সম্পর্ক আরও গভীর করার ইচ্ছাকে প্রতিফলিত করে। প্রধানমন্ত্রী জানান, ভারত ও আসিয়ান একসঙ্গে বিশ্বের প্রায় এক-চতুর্থাংশ জনসংখ্যার প্রতিনিধিত্ব করে। শুধু ভৌগোলিক দিক থেকেই নয়, ঐতিহাসিক সম্পর্ক ও অভিন্ন মূল্যবোধের বন্ধনেও ভারত ও আসিয়ান যুক্ত।

□ '২০২৫ পিএন৭' নামক গ্রহাণুকে পৃথিবীর নতুন 'আধা চাঁদ' হিসাবে নিশ্চিত করল 'নাসা'। '২০২৫ পিএন৭' হল একটি বিরল ধরনের বস্তু। এই ধরনের বস্তুগুলি গ্রহের কক্ষপথের কাছে থাকে, তবে মহাকর্ষের মাধ্যমে পুরোপুরি গ্রহের সঙ্গে আবদ্ধ নয়। এর মানে হল, অন্তত ২১ শতকের মাঝামাঝি পর্যন্ত আমাদের গ্রহের জন্য কার্যত একটি দ্বিতীয় চাঁদ রয়েছে। নাসা নিশ্চিত করেছে, এই অর্ধ উপগ্রহটি পৃথিবীর চারপাশে একটি পথ অনুসরণ করছে আর সম্ভবত ২০৮৩ সাল পর্যন্ত এর অবস্থান বজায় থাকবে। গবেষকদের অনুমান, '২০২৫ পিএন৭'এর আকার প্রায় ১৮ থেকে ৩৬ মিটার, যা একটি সাধারণ ভবনের উচ্চতার সমান। হাওয়াইয়ের হালিয়াকালা অবজার্ভেটরিতে প্যান-স্টারস সমীক্ষায় এই ছোট চাঁদটি প্রথম পর্যবেক্ষণ করা হয় ২০২৫ সালের আগস্টে। এটি আসল চাঁদের মতো সরাসরি পৃথিবীকে প্রদক্ষিণ করে না। বদলে, '২০২৫ পিএন৭' সূর্যকে প্রদক্ষিণ করে আর পৃথিবীর মতো পথ ধরে পৃথিবীকে অনুসরণ করে।

□ ২০২৫ সালে মরণোত্তর 'বিজ্ঞান রত্ন পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন প্রখ্যাত পদার্থবিদ জয়ন্ত বিষ্ণু নারলিকর। পদার্থবিদ্যায় আজীবন অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। বিজ্ঞান ও প্রযুক্তিতে আজীবন কৃতিত্বের জন্য দেশের সর্বোচ্চ সম্মান এটি। এই পুরস্কারটি 'রাষ্ট্রীয় বিজ্ঞান পুরস্কার-২০২৫'এর অংশ। ২০২৫ সালে মোট ২৩ জন ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে এই পুরস্কারের জন্য নির্বাচন করা হয়েছে।

□ 'উইকিপিডিয়া'র বিকল্প হিসাবে 'গ্রোকিপিডিয়া' নামে এআই ওয়েবসাইট চালু করল এলন মাস্ক'এর মালিকানাধীন সংস্থা 'এক্সএআই'। এটির ইউজার ইন্টারফেস উইকিপিডিয়ার মতোই আর এতে প্রায় ৮,৮৫,২৭৯টি প্রবন্ধ রয়েছে। তবে, উইকিপিডিয়ার মতো গ্রোকিপিডিয়াতে কোনো ছবি যুক্ত করা হয়নি। এমনকি ব্যবহারকারীরা চাইলেও কোনো তথ্য সম্পাদনা বা যুক্ত করতে পারবেন না। কিছু পাতায় বড় আকারের 'এডিট' বোতাম দেখা গেলেও, সেটিতে ক্লিক করলে শুধু আগের সম্পাদনার তালিকাই দেখা যায়। প্রতিটি নিবন্ধেই দাবি করা হয়েছে, 'তথ্যগুলি গ্রোক নিজে যাচাই করেছে'। তবে গ্রোকিপিডিয়া এখনও পরীক্ষামূলক পর্যায়ে আছে।

**৩১ অক্টোবর :** 'এইচডিএফসি ব্যাঙ্ক'এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে পুনর্নিযুক্ত হলেন কাইজাদ ভারুচা।

□ আয়ারল্যান্ডে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন মনীশ গুপ্তা।

□ ২০২৫ সালে কর্ণাটকের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'রাজ্যোৎসব পুরস্কার'এর জন্য মনোনীত হলেন ধারওয়াড়ের প্রখ্যাত প্রত্নতত্ত্ববিদ অধ্যাপক রবীন্দ্র করিসেত্তর। প্রত্নতত্ত্ব, শিক্ষা ও ভারতের প্রাগৈতিহাসিক ঐতিহ্য সংরক্ষণে তাঁর দীর্ঘ চার দশকের অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। ধারওয়াড়ের 'কর্ণাটক বিশ্ববিদ্যালয়'এর ইতিহাস ও প্রত্নতত্ত্ব বিভাগের একজন ইউজিসি এমেরিটাস ফেলো তিনি।

□ আবুধাবিতে অবস্থিত ভারতীয় দূতাবাস একটি উন্নত পাসপোর্ট ব্যবস্থা চালু করল। এটি ২৮ অক্টোবর থেকে, সংযুক্ত আরব আমিরশাহীতে থাকা সব ভারতীয় নাগরিকদের জন্য এমবেডেড চিপ-সহ ই-পাসপোর্ট পরিষেবা প্রদান করছে। এই উদ্যোগটি ভারতীয় প্রবাসী ব্যক্তিদের জন্য পাসপোর্ট পরিষেবায় একটি বড় প্রযুক্তিগত অগ্রগতি। পাসপোর্টের তথ্যে কোনো পরিবর্তন ছাড়াই আবেদনকারীদের জন্য প্রক্রিয়াটি উল্লেখযোগ্যভাবে সরলীকরণ করা হয়েছে।

□ উত্তর প্রদেশের লখনউতে তৈরি হতে চলেছে 'নৌ-বীরত্ব জাদুঘর'। এই জাদুঘরটি ভারত মহাসাগর অঞ্চলে ভারতীয় নৌবাহিনীর অদম্য বীরত্ব ও ভারতের সামুদ্রিক ক্ষমতার জীবন্ত প্রতীক হিসাবে কাজ করবে। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেন যে, সমুদ্র হল ভারতীয় সভ্যতার মন্থন ভূমি আর ভারতীয় নৌবাহিনী সেই গৌরবময় ঐতিহ্যের আধুনিক প্রকাশ। এই জাদুঘরটি সেই ঐতিহ্য জনসাধারণের কাছে ছড়িয়ে দেওয়ার একটি মাধ্যম হিসাবে কাজ করবে। লখনউয়ের 'একানা স্টেডিয়াম'এর কাছে সিজি সিটিতে, ২৩ কোটি টাকা খরচে এই জাদুঘরটি তৈরি হবে।

□ দাবায় আন্তর্জাতিক মাস্টার'এর মর্যাদাপূর্ণ খেতাব অর্জন করলেন পঞ্জাবের জলন্ধরের নমিতবীর সিং ওয়ালিয়া। ফ্রান্সে, তৃতীয় 'অ্যানেমাসে আন্তর্জাতিক মাস্টার্স টুর্নামেন্ট'এ চতুর্থ স্থান অর্জন করে এই খেতাব পেলেন তিনি। ২০২২ সালে দুষ্যন্ত শর্মা'র পর, পঞ্জাবের দ্বিতীয় আন্তর্জাতিক মাস্টার'এর খেতাব পেলেন নমিতবীর।

□ ২০২৬ সালে 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ, 'কলকাতা নাইট রাইডার্স'এর প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন অভিষেক নায়ার।

□ 'ক্লাচ চেস চ্যাম্পিয়ন্স শোডাউন' জিতলেন নরওয়ের দাবা তারকা ম্যাগনাস কার্লসেন।

□ পুনেরি পল্টন'কে ৩১-২৮ ব্যবধানে হারিয়ে, 'প্রো কাবাডি লিগ' শিরোপা জিতল দাবাং দিল্লি কাবাডি ক্লাব।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# সাধারণ জ্ঞান

৫ পাতার পর

## অর্থনীতি

৩০। বিশ্বব্যাঙ্ক গ্রুপ'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ নলেজ অফিসার এখন



কে — পাসচাল ডোনোহো।

৩১। প্রথম পেমেন্টস ব্যাঙ্ক হিসাবে, আরবিআই'এর থেকে স্মল ফিনান্স ব্যাঙ্কে রূপান্তরের নীতিগত অনুমোদন পেল কারা — ফিনো পেমেন্টস ব্যাঙ্ক।

৩২। 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'এর প্রথম মহিলা প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ভারতীয় মহিলা ক্রিকেট দলের অধিনায়ক হরমনপ্রীত কৌর।

৩৩। একটি নতুন প্রিমিয়াম রুপে ক্রেডিট কার্ড 'লাক্সুরা' চালু করল কোন ব্যাঙ্ক — পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক।

৩৪। 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — উষা জানকীরামন।

৩৫। এবছরের নভেম্বর পর্যন্ত, ভারতীয় ব্যাঙ্কগুলিতে জন ধন অ্যাকাউন্টে মোট আমানতের পরিমাণ সম্মিলিতভাবে কত টাকায় পৌঁছেছে — ২.৭৫ লাখ কোটি।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। সামুদ্রিক ক্ষেত্রে ভারতের প্রথম নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানির নাম কী — সাগরমালা ফিনান্স কর্পোরেশন লিমিটেড (সামুদ্রিক খাতের সঙ্গে সম্পর্কিত পরিকাঠামো উন্নয়নে অর্থায়নের ঘাটতি পূরণ করবে এই 'সাগরমালা ফিনান্স কর্পোরেশন লিমিটেড')।

৩৭। 'জাতীয় পরিসংখ্যান দিবস' কবে পালিত হয় — ২৯ জুন।

৩৮। ২০২৪ সালে 'ইউএন ইন্টার-এজেন্সি গ্রুপ ফর চাইল্ড মর্টালিটি এস্টিমেশন' রিপোর্ট অনুযায়ী, ৫ বছরের কম বয়সি শিশুদের মৃত্যুহার কত শতাংশ কমিয়েছে ভারত — ৭৮%।

৩৯। গাড়োয়াল রাইফেলসের রেজিমেন্টের ২৩ তম কর্নেল হিসাবে দায়িত্ব নিলেন কে — লেফটেন্যান্ট জেনারেল দীনেশ সিং রানা।

৪০। পঞ্জাবের ফাজিল্কা জেলায় পুলিশ লাইনের ভিতরে, ভারতের প্রথম কাঠের গুরুদ্বার তৈরি হয়েছে। এটির নাম কী — শ্রী নানক নিবাস।

৪১। 'অপারেশন সংকল্প'এর সময় নৌবাহিনীর পশ্চিমাঞ্চলীয় ফ্লিটের ফ্লিট অপারেশন অফিসার হিসাবে ব্যতিক্রমী পেশাদারিত্বের জন্য, কাকে 'যুদ্ধ সেবা পদক' দিলেন নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে.ত্রিপাঠি — কমোডর কার্তিক শ্রীমল।

৪২। নয়াদিল্লিতে, ভারতীয় বিমান বাহিনীর সদরদফতরে এয়ার অফিসার-ইন-চার্জ অ্যাডমিনিস্ট্রেশন হিসাবে দায়িত্ব নিলেন কে — এয়ার মার্শাল এ.শিবকুমার।

৪৩। 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর চেয়ারম্যান এখন কে — রবি আগরওয়াল।

৪৪। এবছর 'নাসা-এনএসএস স্পেস সেটলমেন্ট ডিজাইন প্রতিযোগিতা'য় অষ্টম শ্রেণির বিভাগে প্রথম পুরস্কার পেল ভারতের কোন স্কুল — কালাবুর্গির 'এস.আর.এন. মেহতা সিবিএসই স্কুল' (মানব জীবনের জন্য উপযোগী একটি মহাকাশ উপনিবেশ তৈরিতে ১১ জন শিক্ষার্থীর ওই দলটি অসাধারণ সৃজনশীলতা আর বৈজ্ঞানিক বোধগম্যতা প্রদর্শন করেছে)।

৪৫। আধ্যাত্মিক সম্প্রীতি আর সম্প্রদায়ের কল্যাণে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, নিউ ইয়র্ক সিটি'র তরফ থেকে সম্মানিত হলেন কে — মার্কিন যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী হিন্দু সন্ন্যাসী তথা 'ইসকন'এর গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব রাধানাথ স্বামী।

৪৬। 'ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি'র ইন্সপেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — কে.এম. মল্লিকার্জুন প্রসন্ন।

৪৭। 'নর্থ ইস্টার্ন রিজিওনাল অ্যাগ্রিকালচারাল মার্কেটিং কর্পোরেশন লিমিটেড'এর পরবর্তী ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ভাস্কর বড়ুয়া।

৪৮। ভারতের প্রথম কোয়ান্টাম কম্পিউটিং ভ্যালি কোথায় তৈরি হবে — আন্ধ্রা প্রদেশের অমরাবতী।

৪৯। 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ পাব্লিক কোঅপারেশন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট'এর নতুন নাম কী — সাবিত্রীবাই ফুলে ন্যাশনাল ইনস্টিটিউট অফ উইমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট।

৫০। দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী এখন কে — কিম মিন-সিওক।

৫১। 'ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ'এর তরফ থেকে প্রকাশিত পরিসংখ্যান অনুসারে, ভারতের তৃতীয় রাজ্য হিসাবে ১ কোটি রেজিস্টার্ড শেয়ার বাজার বিনিয়োগকারীর মাইলফলক অতিক্রম করল কারা — গুজরাত।

৫২। জলবায়ু-সহনশীল গম চাষের উদ্যোগ চালু করার জন্য, কোন দেশের সঙ্গে অংশীদারিত্ব করল ঘানা — ভারত।

৫৩। বিশ্বের প্রথম দেশ হিসাবে, আফগান-ই-স্তানের তালিবান সরকারকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিল কারা — রাশিয়া।

৫৪। ভারতের প্রথম রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে, 'পরিবার দত্তক কর্মসূচি' উদ্যোগের আওতায় যক্ষ্মা রোগীদের স্ক্রিনিং অন্তর্ভুক্ত করল কারা — পুদুচেরি।

৫৫। কোথায় আনুষ্ঠানিকভাবে নিজেদের প্রথম আন্তর্জাতিক প্রতিনিধি অফিস উদ্বোধন করল 'স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড' — সংযুক্ত আরব আমিরশাহীর দুবাই।

৫৬। 'সেবি'র এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — সুনীল জয়বন্ত কদম।

৫৭। কাকে 'ইন্টারগ্লোব অ্যাভিয়েশন লিমিটেড'এর ('ইন্ডিগো'র মূল কোম্পানি) বোর্ডে নন-এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত করল 'ইন্ডিগো' — অমিতাভ কান্ত।

৫৮। 'রিজার্ভ ব্যাঙ্ক ইনোভেশন হাব'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সাহিল কিনি।

৫৯। আমাজন অঞ্চলের প্রথম দেশ হিসাবে, 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র তরফ থেকে ম্যালেরিয়া মুক্ত সার্টিফিকেশন পেল কারা — সুরিনাম।

৬০। ভারতের প্রথম রাজ্য হিসাবে 'পাব্লিক ডিস্ট্রিবিউশন সিস্টেম'এর অধীনে, রেশন বিতরণের জন্য আধার-ভিত্তিক ফেস অথেন্টিকেশন বাস্তবায়ন করল কারা — হিমাচল প্রদেশ।

৬১। সম্প্রতি চেন্নাই বন্দরে এসে পৌঁছয় জাপান উপকূলরক্ষী বাহিনীর জাহাজ। জাহাজটির নাম কী — ইতসুকুশিমা।

৬২। ৬৫ বছরেরও বেশি সময় ধরে বাতাসে কার্বন ডাই অক্সাইড পরিমাপ করে আসা 'মাউনা লোয়া' জলবায়ু স্টেশনের তহবিল বন্ধ করে দেওয়ার পরিকল্পনা নিয়েছে কোন দেশ — মার্কিন যুক্তরাষ্ট্র।

৬৩। ভারতের প্রথম বেসরকারি স্যাটেলাইট ব্রডব্যান্ড পরিষেবা চালু করার অনুমোদন পেল কোন কোম্পানি — হায়দরাবাদের কোম্পানি 'অনন্ত টেকনোলজিস'।

৬৪। নতুন রাজনৈতিক দল গঠনের ঘোষণা করলেন বিশ্বের অন্যতম শীর্ষ ধনকুবের এলন মাস্ক। তাঁর এই দলের নাম কী — আমেরিকা পার্টি।

৬৫। প্রথম ভারতীয় অভিনেত্রী হিসাবে মোশন পিকচার বিভাগে হলিউড ওয়াক




অফ ফেম ক্লাস ২০২৬-এ সম্মানিত হলেন কে — বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন।

৬৬। ওড়িশার কত তম পুর নিগম'এ পরিণত হতে চলেছে বিখ্যাত তীর্থস্থান আর পর্যটন কেন্দ্র পুরী — ষষ্ঠ।

৬৭। সুরিনামের প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — জেনিফার গিরলিংস-সাইমনস।

৬৮। কমনওয়েলথ যুব শান্তি দূত হিসাবে নির্বাচিত হলেন কে — 'আইআইটি গুয়াহাটি'র বি.টেক'এর ছাত্রী সুকন্যা সোনোওয়াল।

৬৯। নয়াদিল্লিতে সিএসআইআর-আইজিআইবি'তে জাতীয় জেনব্যাঙ্কের উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড.জিতেন্দ্র সিং ('ফেনোম ইন্ডিয়া প্রকল্প'এর অধীনে চালু হওয়া, এই নতুন সুবিধাটি সারা দেশের ১০,০০০ ব্যক্তির জিনোমিক, লাইফস্টাইল আর ক্লিনিক্যাল সংক্রান্ত তথ্য সংগ্রহ করবে)।

৭০। সব নগর স্থানীয় সংস্থা জুড়ে ৯,০৩৪টি সাধারণ পরিষেবা কেন্দ্র স্থাপন করে শহরে দরিদ্র মহিলাদের ডিজিটালভাবে ক্ষমতায়নের জন্য 'ডিজি-লক্ষ্মী' প্রকল্প চালু করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৭১। গ্রামীণ দারিদ্রসীমার নীচে থাকা পরিবারগুলিকে অর্থনৈতিকভাবে ক্ষমতায়িত করতে, 'পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় দারিদ্রমুক্ত গ্রাম প্রকল্প' চালু করল কোন রাজ্য — রাজস্থান।

৭২। দীর্ঘ ২৫ বছর পর, কোন দেশে নিজেদের কার্যক্রম বন্ধ করে দিল টেক জায়ান্ট 'মাইক্রোসফট' — পাক-ই-স্তান (২০০০ সালে দেশটিতে কাজ করা শুরু করেছিল এই টেক জায়ান্ট সংস্থা)।

৭৩। এখন থেকে রাজ্য সরকারি চাকরিতে মহিলাদের জন্য থাকা ৩৫% সংরক্ষণ শুধুমাত্র রাজ্যের স্থায়ী বাসিন্দাদের জন্যই সীমাবদ্ধ থাকবে বলে জানালো কোন রাজ্য — বিহার।

৭৪। সম্প্রতি মধ্য প্রদেশের 'পান্না টাইগার রিজার্ভ'এ মারা যাওয়া এশিয়ার সবথেকে বয়স্ক হাতিটির নাম কী — ভাতসালা (হাতিটির বয়স ছিল ১০০ বছরেরও বেশি)।

৭৫। 'অ্যাপল'এর পরবর্তী চিফ অপারেটিং অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সাবিহ খান।

৭৬। 'মুখ্যমন্ত্রী সেহত যোজনা' (মুখ্যমন্ত্রী স্বাস্থ্য প্রকল্প) চালু করল কোন রাজ্য — পঞ্জাব (যার অধীনে রাজ্যে বসবাসকারী প্রতিটি পরিবারের জন্য বার্ষিক ১০ লাখ টাকা পর্যন্ত বিনামূল্যে আর নগদহীন চিকিৎসা পরিষেবা দেওয়া হবে)।

৭৭। কোন দেশকে ২০২৬ সালের ১ জানুয়ারি থেকে ইউরো গ্রহণের অনুমতি দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন কাউন্সিল — বুলগেরিয়া (ওইদিন দেশটি ইউরোজোন বা একক মুদ্রা অঞ্চলের ২১ তম সদস্যে পরিণত হয়েছে)।

৭৮। ব্রাজিলের সর্বোচ্চ অসামরিক সম্মান 'গ্র্যান্ড কলার অফ দ্য ন্যাশনাল অর্ডার অফ দ্য সাউদার্ন ক্রস'এ ভূষিত হলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (ভারত আর ব্রাজিলের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে দৃঢ় করার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে)।

৭৯। 'স্মার্ট সিটিস মিশন'এর অধীনে, ভারতের প্রথম কিউআর কোড ভিত্তিক ডিজিটাল হোম অ্যাড্রেস সিস্টেম চালু করল কারা — মধ্য প্রদেশের ইন্দোর মিউনিসিপ্যাল কর্পোরেশন (এই প্রকল্পের আওতায়, শহরের প্রতিটি বাড়ির বাইরে কিউআর কোড-সহ বিশেষ ধাতব ডিজিটাল প্লেট স্থাপন করা হয়েছে। মোবাইল ফোন দিয়ে এই কিউআর কোডটি স্ক্যান করে, বাড়ির জিপিএস-ভিত্তিক ডিজিটাল ঠিকানা জানা যাবে)।

৮০। ভারতীয় নৌবাহিনীর প্রথম মহিলা হিসাবে ফাইটার পাইলটের প্রশিক্ষণ নিয়ে ইতিহাস গড়লেন কে — সাব লেফটেন্যান্ট আস্থা পুনিয়া।

৮১। ভারতের প্রথম ট্রান্সজেন্ডার নেতৃত্বাধীন স্বাস্থ্য ক্লিনিকটি 'সাবরং ক্লিনিক' নামে আবার কোথায় চালু হল — হায়দরাবাদ।

৮২। সদ্যোজাত আর ছোট শিশুদের জন্য প্রথম ম্যালেরিয়ার ওষুধে অনুমোদন দিল কোন সংস্থা — সুইৎজারল্যান্ডের চিকিৎসা কর্তৃপক্ষ 'সুইসমেডিক' (ওষুধটি তৈরি করেছে আন্তর্জাতিক ওষুধ প্রস্তুতকারক সংস্থা 'নোভার্টিস'। নাম 'কোয়ার্টেম বেবি')।

৮৩। কৃত্রিম বুদ্ধিমত্তা আর ইন্টারনেট অফ থিংস সরঞ্জাম ব্যবহার করে, মশাবাহিত রোগ নিয়ন্ত্রণের জন্য 'স্মার্ট মসকুইটো সার্ভেইল্যান্স সিস্টেম' চালু করল ভারতের কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৮৪। বিনামূল্যে ভ্রমণের সুবিধা দিতে রূপান্তরকামী আর মহিলাদের জন্য, 'সহেলি স্মার্ট কার্ড' চালু করল কোন শহর — দিল্লি।

৮৫। ২০২৫ সালে 'চিন্তা রবীন্দ্রন পুরস্কার' পেলেন কে — মারাঠি লেখক আর সমালোচক শরণকুমার লিম্বালে (সাহিত্য আর সামাজিক চিন্তাধারায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৮৬। এই প্রথমবারের জন্য পুরোপুরিভাবে ভারতেই তৈরি হল একটি ডাইভিং সহায়ক যুদ্ধজাহাজ। জাহাজটির নাম কী — নিস্তার।

৮৭। প্রথম মহিলা হিসাবে, 'হিন্দুস্তান ইউনিলিভার লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — প্রিয়া নায়ার।

৮৮। ভারতের প্রথম থানা হিসাবে 'ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস'এর তরফ থেকে, মর্যাদাপূর্ণ IS/ISO 9001:2015 কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন পেল কারা — কেরালার আলাপ্পুঝার 'আর্থুনকাল থানা'।

৮৯। আনুষ্ঠানিকভাবে 'সর্বজনীন গণেশোৎসব'কে রাজ্য উৎসব হিসাবে ঘোষণা করল কোন রাজ্য — মহারাষ্ট্র।

৯০। হিমবাহ বিপর্যয়ের জন্য ১৩ সদস্যের একটি উচ্চ-স্তরের কমিশন গঠন করল কোন রাজ্য — সিকিম (২০২৩ সালের ৪ অক্টোবর, সিকিমে হওয়া হিমবাহ হ্রদের বিধ্বংসী বন্যার প্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে)।

৯১। প্রথম আর একমাত্র ভারতীয় হিসাবে, এবছর 'টাইম' পত্রিকার 'টাইম ১০০ ক্রিয়েটরস' তালিকায় জায়গা করে নিলেন কে — ইউটিউবার তথা অভিনেত্রী প্রাজক্তা কোলি।

৯২। মানুষ-হাতি সংঘাত কমাতে, 'গজ মিত্র' প্রকল্প চালু করল ভারতের কোন রাজ্য — অসম।

৯৩। ২০২৫ সালে প্রথম 'গ্লোবাল কনফারেন্স অন ম্যানুস্ক্রিপ্ট হেরিটেজ' আয়োজন করেছে কোন দেশ — ভারত (নয়া দিল্লির 'ভারত মণ্ডপম'এ ১১-১৩ সেপ্টেম্বর এটি হয়েছে)।

৯৪। ফ্রান্সের নতুন স্বীকৃতি পাওয়া রাজ্য কোনটি — নিউ ক্যালেডোনিয়া।

৯৫। ২০২৫ সালে জম্মু ও কাশ্মীরে অমরনাথ যাত্রা নিরাপদ আর সুষ্ঠুভাবে পরিচালনা করতে, কোন অভিযান চালু করেছিল ভারতীয় সেনাবাহিনী — অপারেশন শিব।

৯৬। ইউনেস্কো'র বিশ্ব ঐতিহ্য তালিকায় জায়গা করে নিল ভারতের কোন স্থান — মারাঠা মিলিটারি ল্যান্ডস্কেপ (এই 'মারাঠা মিলিটারি ল্যান্ডস্কেপ'এর মধ্যে ১২টি রাজকীয় দুর্গ রয়েছে)।

৯৭। 'মালালা দিবস' কবে পালিত হয় — ১২ জুলাই।

৯৮। 'আন্তর্জাতিক আশা দিবস' কবে পালিত হয় — ১২ জুলাই।

৯৯। 'আন্তর্জাতিক বালি ও ধূলিঝড় মোকাবিলা দিবস' কবে পালিত হয় — ১২ জুলাই।

১০০। নেপালে, 'হেম বাহাদুর মাল্লা পুরস্কার ২০৮০'তে ভূষিত হলেন কে — দেশটির প্রাক্তন প্রধান বিচারপতি কল্যাণ শ্রেষ্ঠ (নেপালে বিচার বিভাগীয় নেতৃত্ব আর প্রাতিষ্ঠানিক উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

## খেলাধুলা

১০১। সম্প্রতি প্রয়াত ফৌজা সিং (১১৪



বছর) কে ছিলেন — ম্যারাথন রানার।

১০২। ২০২৫ সালে পোল্যান্ডে, 'উইসল জাপিউস্কি মেমোরিয়াল অ্যাথলেটিক্স মিট'এ ৭,৮২৬ পয়েন্ট পেয়ে চতুর্থ স্থান অর্জন করে নতুন জাতীয় ডেকাথলন রেকর্ড গড়লেন কে — ভারতের তেজস্বিন শঙ্কর।

১০৩। ২০২৫ সালে জার্মানিতে 'বিশ্ব বিশ্ববিদ্যালয় গেমস'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ১২টি (এর মধ্যে ২টি সোনা, ৫টি রুপো আর ৫টি ব্রঞ্জ পদক)।

৭৮। মহিলাদের ইউরো কাপ জিতল কোন দল — ইংল্যান্ড (স্পেনকে টাইব্রেকারে ৩-১ ব্যবধানে হারিয়ে)।

১০৪। প্রথম ভারতীয় মহিলা হিসাবে, রাইন-রুহরে 'বিশ্ব বিশ্ববিদ্যালয় গেমস'এ ৫,০০০ মিটার রেসের ফাইনাল ইভেন্টে পদক জিতে ইতিহাস গড়লেন কে — ভারতীয় অ্যাথলিট সীমা (১৫ মিনিট ৩৫.৮৬ সেকেন্ড সময় নিয়ে রুপোর পদক পেয়েছেন তিনি)।

১০৫। ২০২৫ সালে মিশরের কায়রোতে, 'বিশ্ব জুনিয়র চ্যাম্পিয়নশিপ'এ স্কোয়াশে মহিলাদের সিঙ্গলস বিভাগে ব্রঞ্জ পদক জিতে ইতিহাস গড়লেন কে — ভারতের অনাহাত সিং (এই চ্যাম্পিয়নশিপে ১৫ বছরের মধ্যে দেশের জন্য প্রথম পদক এটি)।

সঙ্কলক : পলি দেওয়ান

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

## ব্যাঙ্কে ৩৫০ অফিসার

১ পাতার পর

কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। সি.এফ.এ./ সি.এ., এম.বি.এ. কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স থেকে ফরেন এক্সচেঞ্জ অপারেশন্স-এর সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। CDCS/CITF/NISM, CAIIB, IIBF কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৮৫,৯২০-১,০৫,২৮০ টাকা। শূন্যপদ: ৫০টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)।

মার্কেটিং অফিসার (জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-।) : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। এম.বি.এ., বিজনেস অ্যানালিস্ট, বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। ব্যাঙ্কিং ফিনান্সিয়াল সার্ভিসেস ও ইনসিওরেন্স সংক্রান্ত কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২২ থেকে ৩০ বছরের মধ্যে। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স থেকে ফরেন এক্সচেঞ্জ অপারেশন্স-এর সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। CDCS/ CITF/NISM, CAIIB, IIBF কোর্স পাশ হলে ভালো হয়। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ: ৩০০টি (জেনাঃ ১২২, ই.ডব্লু.এস. ৩০, ও.বি.সি. ৮১, তঃজাঃ ৪৫, তঃউঃজাঃ ২২)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মোট শূন্যপদের মধ্যে জেনারেল, ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে। শুরুতে ৩ বছরের প্রবেশন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ফেব্রুয়ারি-মার্চে। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পেশাগত জ্ঞান - ৭০ নম্বরের ৭০টি প্রশ্ন, (২) ব্যাঙ্কিং, জেনারেল অ্যাওয়ারনেস - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। তারপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.centralbankofindia.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও অনলাইনে নাম রেজিস্ট্রেশন করার আগে পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
KOLKATA
Urgent Requirement of Staff
- Residential Caretaker - Male / Female
- Residential Cleaner - Male / Female
- Residential Food Service Person- Male / Female
Route : 12C/2 Bus no from Howrah / Sealdah / Ultadanga. Bus Stop Chanchal Kumari School
Call for Appointment
8777468438

# ভবিষ্যতের দিশা দেখাল RICE Education — কর্মসংস্থান ক্যারিয়ার ফেয়ারে শিক্ষার্থীদের বিপুল সাড়া


কর্মসংস্থান ক্যারিয়ার ফেয়ারে শিক্ষার্থী

সম্প্রতি কর্মসংস্থান আয়োজিত এক বিশেষ শিক্ষা ও ক্যারিয়ার ফেয়ারে অংশগ্রহণ করল RICE Education। এই মেলায় ছাত্রছাত্রীদের সরকারি চাকরির প্রস্তুতি, সঠিক ক্যারিয়ার পরিকল্পনা এবং পরীক্ষাভিত্তিক কৌশল সম্পর্কে বাস্তবমুখী দিশা দেখানো হয়। অভিজ্ঞ শিক্ষকদের সরাসরি গাইডেন্স, এবং ইন্টারঅ্যাকটিভ কাউন্সেলিং সেশন শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ সৃষ্টি করে।

মেলায় অংশগ্রহণকারী কন্টাইয়ের অদিতি মাইতি বলেন, "রাইস-এর এই দিশা দেখানোর অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে খুব ভালো লাগছে। স্যার আমার সামনে এক নতুন স্বপ্ন এঁকে দিলেন। লজিক্যাল রিজনিং করার সহজ পদ্ধতি শিখে ভীষণ অনুপ্রাণিত হয়েছি।"

আর এক ছাত্র সৌগত দাস জানান, "ক্যারিয়ার ফেয়ারের অভিজ্ঞতা আমাকে নতুনভাবে ভাবতে শিখিয়েছে। পরীক্ষার প্রস্তুতি এ বছর থেকেই শুরু করব এবং কম সময়ে সাফল্যের কৌশল জানতে পেরেছি।"

কন্টাইয়ের বনমালি বেরিয়ার পূজা জানা বলেন, "এই ক্যারিয়ার ফেয়ার থেকে ভবিষ্যৎ ক্যারিয়ার নির্বাচন ও পরীক্ষার টাইম টেবিল সম্পর্কে স্পষ্ট ধারণা পেয়েছি।"

হাতাবাড়ির সৌগত দলুইয়ের কথায়, "চেয়ারম্যান স্যারের পরামর্শ আমাকে আত্মবিশ্বাস দিয়েছে। দ্রুত ও সহজ পদ্ধতিতে অঙ্ক করার কৌশল এবং সরকারি চাকরিতে সফল হওয়ার পথ জানতে পেরেছি।"



**অদিতি মাইতি, কন্টাই**

রাইস-এর এই দিশা দেখানোর অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে ভালো লাগছে। স্যার আমার সামনে এক নতুন স্বপ্ন এঁকে দিলেন। লজিক্যাল রিজিনিং করার সহজ পদ্ধতির পথ দেখালেন। নতুন কিছু শিখতে পেরে উৎসাহিত হয়েছি। যা টানা পড়াশোনা করে নিজের স্বপ্নপূরণ করতে সাহায্য করবে।

৪০ বছরেরও বেশি অভিজ্ঞতায় হাজার হাজার সফলতার সাক্ষী RICE Education আবারও প্রমাণ করল — সঠিক গাইডেন্সই পারে ছাত্রছাত্রীদের স্বপ্নকে বাস্তবে রূপ দিতে।

**সুজাতা কামিলা, অলাদানপুট, জুনপুট কন্টাই**

কেরিয়ার সম্পর্কে রাইস এডুকেশনের এই অনুষ্ঠানে উপস্থিত না থাকলে জানতেই পারতাম না, কম্পিটিটিভ পরীক্ষায় কী ভাবে দ্রুত সহজ পদ্ধতিতে ম্যাথ করা সম্ভব। আগে কেউ এমন ভাবে শেখায়নি। এই দিনের ক্লাস আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে। ভবিষ্যতে রাইস এডুকেশনে ভর্তি হতে চাই। এক অভিনব শিক্ষার গাইড পেলাম।

**স্বাগতা দাশ, কন্টাই**

রাইস এর এডুকেশন ফেয়ার থেকে শিখলাম, সরকারি চাকরির পরীক্ষার টেকনিক। নিয়মিত পড়া এবং সঠিক প্রস্তুতিই সাফল্য পাওয়ার প্রধান পথ, তা জানলাম। শিখলাম সহজ পদ্ধতিতে অঙ্ক করার কৌশল। কত কম সময়ে বিভিন্ন বিষয়ের প্রশ্নের উত্তর দেওয়া যায় তারই দিশা। আমার মতো অসংখ্য উৎসাহী এই ফেয়ারে উপস্থিত ছিল। সবাইই উপকৃত হয়েছি।

**শুভদীপ নন্দী, এগরা, ডুবডা**

আজকের 'কেরিয়ার ফেয়ার' খুব ভালো লেগেছ। গ্র্যাজুয়েশনের পরই রাইস এ ভর্তি হয়ে সরকারি চাকরির প্রিপারেশন নিতে চাই। এখানে এসে আমার এক নতুন অভিজ্ঞতা হয়েছে। ভবিষ্যতে কী করব, কী ভাবে খুব তাড়াতাড়ি সরকারি চাকরিতে সাফল্য পেতে পারি তারই নানা সন্ধান পেলাম। চেয়ারম্যান স্যারের বোঝানোর পদ্ধতি অত্যন্ত সুন্দর।

**চঞ্চল দাস, বৈজাপুর, কন্টাই**

রাইস সম্পর্কে আগেই জানতাম। রাইসের এডুকেশন ফেয়ার থেকে জানতে পারলাম কী ভাবে সরকারি চাকরির পরীক্ষায় সাফল্য পাওয়া সম্ভব। নানান বিষয়ে খুঁটিনাটি জানতে পারলাম। এমন গাইড দরকার ছিল। শিখলাম শর্টকার্ট সহজভাবে অঙ্ক করার কৌশল। ভবিষ্যতে রেলে চাকরির পরীক্ষা দিয়ে সাফল্য পেতে চাই। অবশ্যই রাইস এর গাইড নিতে চাই।

Classroom I Online I Residential | IAS I WBCS I PSC I SSC I Rail I Police I Bank I TET I Insurance

Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18051 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur. 84799 17962 | Tamluk : 84799 17957

দীর্ঘ প্রতীক্ষার অবসান RICE-এ আবার শুরু হলো নতুন Residential ব্যাচ।

Residential Program available at Adamas Knowledge City, Barasat

Helpline 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com